**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

"ACHIEVERS"-WBCS, PSC, MISC, CGL, CHSL, MTS, RAIL, BANK- HALDER SIR, KHARDAH - 9903727313

MS

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**ADMISSION 2023**

MAKAUT UNIVERSITY, WB. CCPTR. Course: DMLT (Diploma in Medical Laboratory Technology), HS (any stream), Asansol Technological Institution, Budha Road, Asansol, M : 7797918120 / 9434182065

MS

**ব্যারাকপুরে অনন্যা**

গভঃ রেজিঃ প্রতিষ্ঠানে বিউটিশিয়ান, H.D Makeup, ফিজিওথেরাপি শিখে আজীবন স্বনির্ভর হন। 9433210867, 9231998872

D

Future Welfare Academy
মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, B.Ed, LLB, MBA কর্মরতদের জন্য বিশেষ সুবিধা। বালিগঞ্জ, Kol-19. 9830822949, 7003352616

D

ফিজিওথেরাপী, অপ্টোমেট্রি, নার্সিং, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen Street, Kolkata-9

CM

**ADMISSION OPEN**
Ph.D (Doctor of Philosophy)
- Arts- All Subject- including Bengali
- Commerce
- Management (All sub)
- Science (All sub)
- Engineering (All)

For more Info@NINPS (University Approved Admission Centre) Regd- MSME- Govt. of India
Barasat- Call@ 7980144071

## স্কুল-কলেজ-শিক্ষা

অভিজ্ঞ ট্রেনার দ্বারা ফিজিওথেরাপি ও স্পা এর ট্রেনিং দিয়ে রেজিঃ সার্টিফিকেট ও কাজের সহায়তা। যোগাযোগ- 6290623552

D

**Admission Going On**

MBA, B.Ed, LLB, M.Ed. কর্মরতদের জন্য বিশেষ সুবিধা। Bright Future, বর্ধমান, আরামবাগ 8373010007, 9932233506.

S

LL.B (3 yrs) যে কোন বয়সে। যোগ্যতা : যে কোন ইউনিভার্সিটির গ্র্যাজুয়েট/মাস্টার ডিগ্রি ও 45% নম্বর। SC/ST-40%, OBC-42%, LL.M, ল'পয়েন্ট 9830132343

S

**মাসিক মাহিনায় কোচিং**
Specially for WBCS, H.S Lvl., MTS, SLST(PT) & Others. Kolkata (কলেজ স্ট্রীট), চুঁচুড়া। M: 9073447917

SH

**দেখে বুঝে পা ফেলুন**

চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।

— সম্পাদক, 'কর্মসংস্থান'

## কর্মখালি

**দমদম ক্যান্টনমেন্ট ব্রাঞ্চে**

120 জন মহিলা কর্মী স্থায়ী পদে শীঘ্র নিয়োগ। বেতন 6-20,000 যোগ্যতা- ৮ম-স্নাতক। M- 8170938146

CM

হাবরাতে টেকনিশিয়ানের কাজের জন্য লোক চাই। ট্রেনিং চলাকালীন স্ট্রাইপেন্ড দেওয়া হবে। যোগাযোগ- +91 91349 20148

MS

বিজ্ঞাপন সংস্থায় Tele Calling ও Back Office-এ কাজের জন্য Entally-Park Circus মহিলা কর্মী প্রয়োজন। M: 9433807376

B

**DIRECT JOINING**
Govt.– R No.-63731; এয়ারপোর্ট ও ব্যাঙ্কে (৮ম/স্নাতক)। 189 জন কর্মী চাই। বেতন-21,700/-–52,400, থাকা-খাওয়া ফ্রি। সত্বর যোগাযোগ- M : 9476217253

SA

**স্বাস্থ্য দপ্তরে কন্ট্রাক্টরের**

অধীনে বিভিন্ন জেলাভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। Group-C ও D পদে ন্যূনতম যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক। বেতন: 17700–42600. M : 8653741450

SA

## কর্মখালি

SBI Bank (DSA)-তে spot joining. অফিসিয়াল কাজের জন্য M/F চাই। বেতন: 15K-32K (PF+ESI) নৈহাটি- 9830871269 ব্যারাকপুর/ডানলপ- 9073601388

B

Recovery Agency seeks two graduates skilful in MS word & excel, fluent Hindi, Bengali at Barasat & Behala. age 30+ M: 8240616961

MS

**জাহাজ ও ডকে চাকরি**
পঃবঙ্গ-সহ ভারতবর্ষের বিভিন্ন বন্দরে কলকাতা, খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান ৮ম/স্নাতক নিয়োগ। বেতন: 23,300/-–62,700/-. PF, ESI, ছুটি-সহ থাকা-খাওয়া, M- 9476227607

SA

মাধ্যমিক • উচ্চমাধ্যমিক
BA • MA • B.Sc.
M.Sc. • B.Com. • M.Com.
লাইব্রেরী সায়েন্স • B.Ed.
D.El.Ed. • M.Ed. • B.P.Ed.
M.P.Ed. • LLB • LLM
HALDAR GROUP
7980447585

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**

জেলাভিত্তিক ATM গার্ড, S.V ক্লার্ক, ইনচার্জ ও শপিং-মলে Male কর্মী চাই। বেতন : (13,500–22,500), M : 8961921488

SA

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব : Age : 18-35, HS & Graduage, Salary : 14K–22K, নিজ এলাকা, হাওড়া-হুগলি : 6291125164, বনগাঁ-শিয়ালদহ : 9477762102 নৈহাটী-কল্যাণী : 9804169232

R

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No- WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদ ও বিভিন্ন Salary-তে 79 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 17670/-–29,650/ ছুটি, বোনাস, ESI, PF, M : 8167720111

SA

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি ব্যাঙ্কে জব 2023**
পড়াশোনার যোগ্যতা অনুযায়ী নিজের জেলায় ব্যাঙ্কে স্থায়ী জব। যোগ্যতা : ৮ম পাশ। বেতন : 20300+, 109 জন M/F নেওয়া হবে। বোনাস, OT, PF ও প্রমোশন পাবে। M : 7478800861

SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**

পশ্চিমবঙ্গ-সহ উত্তরবঙ্গে বিভিন্ন জেলায় নতুন কর্ম প্রার্থীদের জন্য সুবর্ণ সুযোগ। 205 জন ছেলে ও মেয়ে নেওয়া হবে। বিশদ জানতে যোগাযোগ - 9046463176

SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. R-No.–1375 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে M/F ৮ম/স্নাতক কর্মী চাই। বেতন : 22,600/-–48,300/-, PF, ESI, OT-সহ থাকা-খাওয়া ফ্রী – M : 9475839602

SA

**বিশেষ বিজ্ঞপ্তি**

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

**CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY**
B.S.S-(Govt. of India) স্বীকৃত April'23 সেশনে প্যাথোলজি (DMLT), ফিজিওথেরাপি (DPAT). Sept.-Opt.'23 সেশনে DPAT, DMLT, রেডিওলজি (CT, MRI, X-Ray), ECG, ডায়ালিসিস, OT, ICU, ক্রিটিক্যাল কেয়ার, CSSD, D.Optm (Eye), ডেন্টাল (DDH), CMS & ED (অ্যালো), হোমিও, আয়ুর্বেদ ও INC স্বীকৃত GNM / P.B.B.Sc. নার্সিং, D/B-ফার্মেসি কোর্সে প্র্যাক্টিক্যাল-সহ ভর্তি চলছে। যোগ্যতা : MP / H.S. হোস্টেলের সুবিধা
126B, রাজা রামমোহন সরণী, কোল-9, শিয়ালদহ, M.G. Rd. আর্মহার্স্ট স্ট্রিট ক্রসিং
M: 9331062421 • www.cimst.ac.in

# জেনারেল ইংলিশ

## চাকরির পরীক্ষার গাইড

**Direction (Q. 1 to 3) :** *Choose the word which is most nearly the SAME in meaning as the word given in bold as used in the passage.*

1. RESERVE
(1) earmark (2) capture (3) hoard (4) stock (5) enlist

2. EXCESSIVE
(1) negligible (2) excellent (3) enormous (4) abnormal (5) unlimited

3. PROSPER
(1) create (2) mature (3) enlarge (4) flourish (5) multiply

**Direction (Q. 4 to 6) :** *Choose the word which is most OPPOSITE in meaning of the word given bold as used in the passage.*

4. CONSERVED
(1) preserved (2) wasted (3) destroyed (4) demonetised (5) spent

5. UNFAIR
(1) partial (2) judicious (3) extraordinary (4) obvious (5) healthy

6. FINISHED
(1) generated (2) exhausted (3) complete (4) processed (5) raw

**Direction (Q. 7 to 16) :** *Read each sentence to find out whether there is any grammatical or idiomatic error in it. The error, if any, will be in one part of the sentence. The number of that part is the answer. If there is no error, the answer is '5'. (Ignore the errors punctuation, if any.)*

7. Though the tribals had poor, (1)/ they donated a (2)/ huge sum for (3)/ setting up a hospital. (4)/ No error (5).
8. She was so (1)/ emotional stable that (2)/ she was not moved (3)/ by their decision to suspend her. (4)/ No error (5).
9. He could make (1) / them accepted this proposal (2)/ because he was quite (3)/ familiar with their practices. (4)/ No error (5)
10. They asked the guide (1)/ whether they could (2)/ wait and watched the (3)/ pictures after sunset. (4)/ No error (5).
11. The shopkeeper told (1)/ that the glasses (2)/ were broken unless (3)/ they were well packed. (4)/No error (5).
12. They didn't talk much, (1)/ because they didn't want to (2)/ wake up all the (3)/ other people in the house. (4)/ No error (5).
13. If you are not (1)/ doing well in your examinations (2)/one thing you can (3)/ do was to study harder (4)/ No error (5).
14. He feels that (1)/ I cannot imagine (2)/ what a space station (3)/ would be looked like. (4)/ No error (5).
15. Fortunately, the driver (1) / was thrown out (2)/ of the car and was (3) / not hurt seriously (4)/ No error (5).
16. We requested them to (1) / leave their homes and (2)/ camped on a hill (3) / with the other people. (4)/ No error (5).

**Direction (Q. 17 to 20):** *In each of the following questions, five words are given which are denoted by (A), (B), (C),(D) and (E). By using all the five words, each only once, you have to frame a meaingful and grammatically correct sentence. The correct order of the words is your answer. Choose from the five alternatives the one having the correct order of the words and mark it as your answer on the answersheet.*

17. (A) Says (B) He (C) His (D) Thinks (E) What
(1) BDCAE (2) CAEBD (3) CDEAB (4) EBADC (5) None of these

18. (A) Be (B) Time (C) On (D) Will (E) They
(1) EDABC (2) DECBA (3) EDACB (4) ACBDE (5) None of these

19. (A) To (B) Wanted (C) Longer (D) They (E) Stay
(1) DEABC (2) DBCAE (3) CDBAE (4) DBAEC (5)None of these

20. (A) Were (B) Train (C) We (D) By (E) Travelling
(1) DBACE (2) ACEBD (3) CAEBD (4) BAEDC (5) None of these

**সেকেন্ডে উত্তরের কৌশল**

**1(2).** Reserve — সংরক্ষণ। প্যাসেজটি 'দখল' হিসাবে বসেছে। তাই 'Capture' হবে। **2(5)** Excessive — অতিরিক্ত বা, অসংখ্য। তাই 'unlimited' হবে। **3(4).** Prosper — উন্নতি। এখানে 'বৃদ্ধি' অর্থে আছে। তাই 'flourish' হবে। **4(2).** Conserve — রক্ষণ বা, রাখা। বিপরীতার্থক শব্দ হবে অপচয় বা, waste. **5(5).** Unfair — অসৎ বা, অসুস্থ। বিপরীত শব্দ হবে সুস্থ বা, healthy বা, fair. **6(5).** Finish — শেষ করা। কিন্তু এখানে 'Finished Product' থাকায় অর্থ হয়েছে 'উৎপাদিত সামগ্রী'। এর বিপরীত শব্দ হবে 'কাঁচামাল' বা, raw products. **7(1).** এখানে 'though' থাকায় তার অন্তর্গত clause-এর ক্রিয়াপদ past perfect tense-এর হবে না। হবে past indefinite tense-এর। তাই শুদ্ধ হবে : Though the tribals were poor.... **8(2).** 'Stable' শব্দটি বিশেষণ হওয়ায় তার বিশেষণ হবে adverb। তাই emotional-এর স্থলে হবে 'emotionally'. **9(2).** বাক্যটি active voice-এ আছে। তাই 'make them accepted this proposal' স্থলে হবে 'make them accept his proposal.' **10(3).** মূল ক্রিয়াপদের প্রথমে auxiliary verb হিসাবে 'could' থাকায়, এরপরের ক্রিয়াপদ অতীতকালের রূপে না বসে, বর্তমান কালের রূপে বসবে। তাই 'watched' না বসে, watch বসবে। **11(3).** the glasses would be broken হবে। **12(3).** 'People', অর্থাৎ 'জনতা' থাকায়, তার আগে আর 'all' বসাতে হয় না। **13(4).** বাক্যটি বর্তমান কালের রূপে থাকায়, past tense-এ 'do was to study harder'-এর স্থলে হবে 'do is to study harder'. **14(4).** এখানেও বাক্যটি বর্তমান কালের রূপে থাকায়, 'would be looked like' স্থলে হবে 'would be look like'. **15(4).** এখানে 'সৌভাগ্যক্রমে' (fortunately) শব্দটি ভুল জায়গায় বসে অন্য মানে করছে। 'fortunately' প্রথমে না বসে বসবে এইভাবে: 'of the car and fortunately was not ...'. **16(3).** 'to' আগে আসায়, and-এর পরের ক্রিয়াপদটিও indefinite রূপে 'camp' হবে। **17(2).** He says what he thinks. **18(3).** They will be on time **19(4).** They wanted to stay longer. **20(5).** উত্তর হবে 'C A E D B'.

## বিনা খরচে তপশিলী জাতি মহিলাদের সেলাইয়ের (টেলারিং) কোর্স

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের পরিচালনায় বিনা খরচে তপশিলী জাতি মহিলাদের সেলাইয়ের কোর্স করানো হচ্ছে। ৪ মাসের অনাবাসিক প্রশিক্ষণ। যোগ্যতা : ক্লাস এইট পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/- টাকার মধ্যে। ট্রেনিং শেষে সার্টিফিকেট ও কর্মসংস্থানে সহায়তা করা হবে। প্রকল্প রূপায়ণে আছে 'প্রগতি'। প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : (১) বহরমপুর (মুর্শিদাবাদ) : ৯৪৩৪৬৬৬২২২, (২) আজিমগঞ্জ (মুর্শিদাবাদ) : ৯১৫৩২৬৯৫৩০, (৩) সাগরপাড়া (মুর্শিদাবাদ) : ৭৭১৮৬৬৬৬৯৯, (৪) গাজল (মালদা) : ৭০০১৬৬৯৪২২, (৫) চাঁচল (মালদা) : ৯৪৩৪৬৮৩৬৭৩, (৬) নালাগোলা (মালদা) : ৯৭৭৫১৩৫০০০, (৭) রায়গঞ্জ (উঃ দিনাজপুর) ৯৭৭৫১৩৫০০০, (৮) কালিয়াগঞ্জ (উঃ দিনাজপুর) : ৯৪৭৫৫৮৮৭৫৬, (৯) হেমতাবাদ (উঃ দিনাজপুর) : ৭৯০৮৯৯৪৬৫১, (১০) গঙ্গারামপুর (দঃ দিনাজপুর) : ৯৬৩৫৮১৮৬৮০, (১১) কুশমন্ডি (দঃ দিনাজপুর) ৯৬১৪১৬২৭৭, (১২) হরিরামপুর (দঃ দিনাজপুর) : ৬২৯৭৭৯০২২০, (১৩) তিওর (দঃ দিনাজপুর) : ৯৪৩৪৯৬৯৪০৪, (১৪) কাটোয়া (পূর্ব বর্ধমান) : ৭৬০২৭০৭০৭০, (১৫) দিনহাটা (কোচবিহার) ৯৯৩২৩০৭৯২৫, (১৬) পুন্ডিবাড়ি (কোচবিহার) : ৯৭৭৫১৪১২২২, (১৭) লিলুয়া (হাওড়া) : ৯০৫১৪০৪১২৪, (১৮) খড়িবাড়ি (দার্জিলিং) : ৯৬১৪৬২১৭৩৬।

## ক্যান্টনমেন্ট বোর্ডে ১২৫ ১ পাতার পর

শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ক্লার্ক** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার টাইপিংয়ে কমার্শিয়াল সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ইংরিজি টাইপিংয়ে ৪০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**স্টোর কুলি** : সপ্তম শ্রেণি পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৫,০০০-৪৭,৬০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**ওয়াচম্যান** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৫,০০০-৪৭,৬০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২)।

**আয়া** : সপ্তম শ্রেণি পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৫,০০০-৪৭,৬০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**হাই স্কুল টিচার** : অঙ্ক, বিজ্ঞান বা, ইংরিজি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। টেট বা, সি.টেট কোয়ালিফাই করে থাকতে হবে। মূল মাইনে : ৩৮,৬০০-১,২২,৮০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**মালি (ট্রেন্ড)** : মাধ্যমিক পাশরা গার্ডেনারের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ৪টি (ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**মজদুর** : সপ্তম শ্রেণি পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৫,০০০-৪৭,৬০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)।

**সাফাই কর্মচারী** : সপ্তম শ্রেণি পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৫,০০০-৪৭,৬০০ টাকা। শূন্যপদ : ৬৯টি (জেনাঃ ২৯, ও.বি.সি. ২৫, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৬)।

**ডি.এড. টিচার** : যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা ডি.এড. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। টেট বা, সি-টেট কোয়ালিফাই করে থাকতে হবে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

সব পদের বেলায় বয়স হতে হবে ৪-৪-২০২৩'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : Recruitment/ P-168, Date: 22.02.2023.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, দক্ষতা, প্র্যাক্টিক্যাল বা, ট্রেড টেস্টের মাধ্যমে। কোনো ইন্টারভিউ নেই। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাওয়ারনেস। ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে স্কিল টেস্ট। দরখাস্ত করবেন অনলাইনে বা, অফলাইনে, ৪ এপ্রিলের মধ্যে। অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : https://pune.cantt.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর যাবতীয় তথ্য আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৬০০ (তপশিলী, প্রতিবন্ধী ও ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৪০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Chakrir খবর

## WBCS কোর্সের অন্যতম প্রতিষ্ঠান কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমি

**নিজস্ব সংবাদদাতা** : ডব্লু.বি.সি.এস. পরীক্ষার প্রস্তুতির অন্যতম প্রতিষ্ঠান দমদম ক্যান্টনমেন্টের 'কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমি'। এখানে ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি, মেনস ও ইন্টারভিউয়ের প্রশিক্ষণ দেওয়া হয়। সেই সঙ্গে অপশনাল বিষয়ের প্রশিক্ষণও দেওয়া হয়। নতুন ব্যাচে ভরতি চলছে। ক্লাস হয় শনিবার ও রবিবার। এই প্রতিষ্ঠানের উপদেষ্টা কমিটির সদস্য ডব্লু.বি.সি.এস. অফিসার নির্মলচন্দ্র ঘোষ জানান, ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার নতুন ব্যাচে ভরতি চলছে। ডব্লু.বি.সি.এস. অফিসার দ্বারাই ক্লাস করানো হয়। প্রথম অ্যাটেমটেই ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার পাশ করানোর জন্য বিশেষভাবে ট্রেনিং দেওয়া হয়। গত কয়েক বারে এখান থেকে অনেক প্রার্থী সফল হয়ে বিভিন্ন বিভাগে চাকরি করছে। আগ্রহী প্রার্থীরা সরাসরি ভরতির জন্য এখানে যোগাযোগ করুন। কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমি, দমদম ক্যান্টনমেন্ট, কলকাতা-৬৫। ফোন : 9836336298, 9836041198.

### রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা** : রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির 2023-24 (**AICTE & WBSCT & VE & SD অনুমোদিত**) সিভিল ইঞ্জিনিয়ারিং (60), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (60), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (40) ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (60) কোর্সে ভর্তি নিচ্ছে। গড়ে 50% নম্বর পেয়ে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষা পাশ ও সেই সঙ্গে অঙ্ক ও ভৌত বিজ্ঞানে গড়ে 50% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুধুমাত্র ছেলেরাই যোগ্য। বয়স হতে হবে 01.07.2023 এর হিসাবে সর্বোচ্চ 21 বছর বয়সের মধ্যে। অনলাইন আবেদন জমা দেওয়ার শেষ দিন 30 এপ্রিল। প্রার্থী বাছাই করা হবে শিল্পমন্দির অ্যাডমিশন টেস্ট (SAT) 2023 পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ 2.05.2023. পরীক্ষার ফলাফল কলেজের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। কাউন্সেলিংয়ের দিন ও চূড়ান্ত ফলাফলের দিনও পরে জানানো হবে। আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : http://www.shilpamandira.org গত বছরের সফল প্রার্থীদের 100% প্লেসমেন্ট হয়েছে। চাকরি হয়েছে ব্লু স্টার, ভোল্টাস, টাটা মোটরস, জিন্ডাল, আদিত্যবিরলা, আইটিসি, টাইটান, উইপ্রো, ইনফোসিসের মতো শিল্প সংস্থায়।

JENPAS 2023
ANM-GNM
শর্ট টার্ম ক্লাস শুরু 28 মার্চ
শর্ট টার্ম ক্লাস ও পোস্টাল কোর্সে ভর্তি চলছে। থাকার ব্যবস্থা আছে।
22 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান
MASTERJEE
বালিগঞ্জ : 9432956917
9163298566

MSME - TOOL ROOM, KOLKATA
(Central Tool Room & Training Centre)
Under Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India
Bonhoogly Industrial Area, Kolkata - 700 108
E-mail : cttc.msme@gov.in, Website : www.msmetoolroomkolkata.com
NOTICE FOR WALK-IN-INTERVIEW
A Walk-in-Interview for hiring Faculties in various Engineering disciplines is scheduled to be held on 21.03.2023 at 11.30 A.M. For further details, Interested Candidates may visit our website-www.msmetoolroomkolkata.com

কর্মখালি
ZILLA PUBLIC SCHOOL
CBSE (H.S.)
TAMLUK, PURBA MEDINIPUR
Wanted Qualified Trained Teachers for following Subjects:- Political Science, Computer, Biology, English & History for English Medium School(CBSE)
Through Email-
zillapublicschool2006@gmail.com
MOB-9064065030

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

### কৃষ্ণনগর ও বহরমপুরে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী** : কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO),

**মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর** : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office).
Ph. : 9153169365, 9733867911.

**বহরমপুর স্টাডি সেন্টার** : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB.
Ph. : 9064922886, 9733523939.

ওয়েবসাইট : www.sipto.org

ই-মেল : www.sipto19@gmail.com

আমি কি আদৌ চাকরি পাব?
কোন কোর্স পড়লে
চটপট চাকরি পেতে পারি?
আপনার দক্ষতা বুঝে কোন পেশাদারি কোর্স পড়লে
চাকরির বাজারে আপনার ডিমান্ড সবসময় থাকবে?
কোন শিক্ষাগত যোগ্যতায় কী ধরনের চাকরি পাওয়া যাবে?
এরকম হাজারো প্রশ্নের জবাব দিতে আমরা আসছি আপনাদের কাছে
কর্মসংস্থান Appointment& Career News
কেরিয়ার কাউন্সেলিং
১৯ ও ২০ এপ্রিল
পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ ভবন, শহিদ প্রদ্যোৎ স্মৃতি সদন
আজই নাম নথিভুক্ত করুন - 9830624170

## কেন্দ্রীয় সংস্থায় ৫,৬১৬

১ পাতার পর

**রিসার্চ অ্যাসোসিয়েট (কালচারাল অ্যানথ্রোপলজি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে অ্যানথ্রোপলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER10723: বটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে বটানিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER10823: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে বটানিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER10923: প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট কাম গার্ডেন ওভারসীয়র :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। চাকরি হবে বটানিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER11023: সিনিয়র প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে বটানিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER11123: বটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, তঃজাঃ ১)। চাকরি হবে বটানিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER11223: সিনিয়র প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে বটানিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER11423: সিনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (বায়োলজি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। চাকরি হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER11523: পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে সেন্ট্রাল গভঃ ইন্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনাল কাম -লেবার কোর্টে (নং-।।)।

**পোস্ট কোড : ER11623: অ্যাসিস্ট্যান্ট (আর্কিটেকচারাল ডিপার্টমেন্ট) :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে সি.পি.ডব্লু.ডি.তে।

**পোস্ট কোড : ER11723: সেকশন অফিসার (হর্টিকালচার) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যান্ড পাব্লিক হেলথে।

**পোস্ট কোড : ER11823: সাব-এডিটর (বেঙ্গলী) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে সেন্ট্রাল রেফারেন্স লাইব্রেরিতে।

**পোস্ট কোড : ER12123: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট -।।। :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে সেন্ট্রাল রেভেনিউ কন্ট্রোল ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER12223: কোর্ট মাস্টার :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে এক্সাইজ অ্যান্ড সার্ভিস ট্যাক্স অ্যাপিলেটে।

**পোস্ট কোড : ER12323: গার্ড ক্যাডেট ইন্সট্রাক্টর :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৬, তঃউঃজাঃ ২, তঃজাঃ ৪)। চাকরি হবে ডিরেক্টরেট জেনারেল এন.সি.সি.-তে।

**পোস্ট কোড : ER12423: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ২৬ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে ডিরেক্টরেট জেনারেল অফ মাইন্স সেফটিতে।

**পোস্ট কোড : ER12523: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২২ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ডিরেক্টরেট জেনারেল অফ মাইন্স সেফটিতে।

**পোস্ট কোড : ER12623: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে ডিরেক্টরেট জেনারেল অফ মাইন্স সেফটিতে।

**পোস্ট কোড : ER12723: স্টোরকীপার গ্রেড-।। :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। চাকরি হবে ডিরেক্টরেট অফ মার্কেটিং অ্যান্ড ইন্সপেকশনে।

**পোস্ট কোড : ER12923: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১, বধির প্রতিবন্ধী ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13023: সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ১৩, তঃজাঃ ২, ও.বি.সি. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13123: স্টোরকীপার :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৮, তঃজাঃ ১, ও.বি.সি. ৩)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13223: কস্ট অ্যাকাউন্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13323: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13523: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। (জিওলজি) :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13623: মাল্টিটাস্কিং স্টাফ :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৪১টি (জেনাঃ ১৭, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১৮, ই.ডব্লু.এস. ৪, বধির প্রতিবন্ধী ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13723: পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ২২, তঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13823: সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ১২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER13923: সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওফিজিক্স) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER14223: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ২)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER14323: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER14423: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, গ্রেড-। (জিওলজি) :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER14823: ফিল্ড অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। চাকরি হবে ন্যাশনাল অ্যাটলাস থিম্যাটিক ম্যাপিং অর্গানাইজেশনে।

**পোস্ট কোড : ER14923: জুনিয়র জিওগ্রাফিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। চাকরি হবে ন্যাশনাল অ্যাটলাস অ্যান্ড থিম্যাটিক ম্যাপিং অর্গানাইজেশনে।

**পোস্ট কোড : ER15023: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)। চাকরি হবে ন্যাশনাল অ্যাটলাস অ্যান্ড থেম্যাটিক ম্যাপিং অর্গানাইজেশনে।

**পোস্ট কোড : ER15123: রিসেপশনিস্ট কাম টেলিফোন অপারেটর :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে ন্যাশনাল অ্যাটলাস অ্যান্ড থেম্যাটিক ম্যাপিং অর্গানাইজেশনে।

**পোস্ট কোড : ER15423: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট (জেনারেল অ্যান্ড ল্যাঙ্গোয়েজ) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ই.ডব্লু.এস.)। চাকরি হবে ন্যাশনাল লাইব্রেরিতে।

**পোস্ট কোড : ER15623: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে ন্যাশনাল টেস্ট হাউসে।

**পোস্ট কোড : ER15723: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (এন.ডি.টি.) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে ন্যাশনাল টেস্ট হাউসে।

**পোস্ট কোড : ER15823: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্যাল সিভিল) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। চাকরি হবে ন্যাশনাল টেস্ট হাউসে।

**পোস্ট কোড : ER16023: ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং স্টাফ-সহ) :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ১১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ৩)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER16123: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট:** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস.)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায়।

**পোস্ট কোড : ER16223: মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER16323: অফিস অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং স্টাফ) :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩৫টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৩)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER16523: ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে।

**পোস্ট কোড : ER15923: টেক্সটাইল ডিজাইনার :** উচ্চমাধ্যমিক পাশপ্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রকে।

**পোস্ট কোড : ER15523: লাইব্রেরি ক্লার্ক (জেনারেল) :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ন্যাশনাল লাইব্রেরিতে।

**পোস্ট কোড : ER10223: কুক :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যান্ড পাব্লিক হেলথে।

**পোস্ট কোড : ER10523: ফটোগ্রাফার :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে অ্যানথ্রোপলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER1323: ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER14623: স্টোর অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER14723: টেকনিক্যাল অপারেটর (ড্রিলিং) :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : ER15223: স্টোরকীপার :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে ন্যাশনাল অ্যাটলাস অ্যান্ড থিম্যাটিক অর্গানাইজেশনে।

**পোস্ট কোড : ER15323: ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ন্যাশনাল লাইব্রেরিতে।

**পোস্ট কোড : ER16423: ফটোগ্রাফার গ্রেড-।।। :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভেতে।

এরপর ১৬ পাতায়

নার্সিং কোচিং নিন / সরকারি ট্রেনিং এর সুযোগ পাবেন
নার্সিং B.Sc. - 4 Lakh
GNM - 3 Lakh
ট্রেনিং শেষে 100% চাকরির সুযোগ
ছেলে-মেয়ে উভয়েই ভর্তি চলছে (WBNC & INC) প্রাপ্ত কলেজে
D.Pharm (2.2 Lakh), Paramedical ভর্তি চলছে
6 মাসে সরকারিভাবে NIOS থেকে MP/HS গ্যারান্টি পাশ
ITI ও Polytecnic সরকারিভাবে ট্রেনিং ও চাকরির সুযোগ
বর্ধমান : 9083395622, কলকাতা : 9339279211, হুগলী : 9434474394

## আদালতে ১২৭ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

**সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ১১০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ৬০টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ১০, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৩)। এর মধ্যে প্রতিবন্ধী ৪।

**পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ১০০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ৬৭টি (জেনাঃ ২৯, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৭)। এর মধ্যে প্রতিবন্ধী ৩। ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৩'এর হিসাবে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ইংরিজি টাইপিং টেস্ট, ইংরিজি শর্টহ্যান্ড টেস্ট, মেন (ডেসক্রিপ্টিভ) পরীক্ষা ও ইন্টারভিউ হবে। দুই পদের বেলায় ১০ মিনিটের টাইপিং টেস্ট ও শর্টহ্যান্ড টেস্ট হবে। তারপর ১০০ নম্বরের মেনস পরীক্ষায় ৪০ নম্বরের প্রবন্ধ লেখা, ১৫ নম্বরের লেটার রাইটিং, ২৫ নম্বরের গ্র্যামার ও কমপ্রিহেনশন, ১০ নম্বরের ট্রান্সলেশন ও ১০ নম্বরের ইংরিজি থেকে হিন্দিতে অনুবাদ করতে হবে। সময় থাকবে ২ ঘন্টা। এরপর ২০ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.delhihighcourt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৮০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ২২ টেক. অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড : 301, 302, 303)** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। কম্পিউটারে ইংরিজি টাইপিং আর ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্টে দক্ষতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ২১,৭০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড : 201, 202, 203, 204, 205)** : যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। কম্পিউটারে ইংরিজি টাইপিং, সেক্রেটারিয়েল প্র্যাক্টিস আর ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্টে দক্ষতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মাইনে মাসে ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**অ্যাসিস্ট্যান্ট টেকনিক্যাল (পোস্ট কোড : 1001)** : সায়েন্স, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন বা, ইনফর্মেশন টেকনোলজির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা কিংবা ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মাইনে মাসে ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**সুপারিন্টেন্ডেন্ট (টেকনিক্যাল) (পোস্ট কোড : 701, 702)** : মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মাইনে মাসে ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, তঃজাঃ ১)।

ওপরের সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, লিখিত পরীক্ষার মাধ্যমে।

এই পদের বিজ্ঞপ্তি নং : IITBhilai/Staff Rectt-2023/003. Dated : 27-02-2023.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.iitbhilai.ac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## মাদ্রাসায় ও গ্রন্থাগারে

১ পাতার পর

নিয়োগ করা হবে। কোচবিহারের ২ জন কে.এল.ও. সদস্য নিয়োগ করা হবে। পুরুলিয়া জেলায় ২টি একলব্য মডেল স্কুলে ৭৪ জনকে বিভিন্ন পদে নিয়োগ করা হবে। কালিম্পং ও ঝাড়গ্রামের সমবায় দফতরে বিভিন্ন পদে ৪৪ জনকে নিয়োগ করা হবে। গ্রন্থাগারমন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী জানান, গ্রামীণ গ্রন্থাগারে ৭৩৮ জন গ্রন্থাগারিক নেওয়ার সিদ্ধান্ত আগেই নেওয়া হয়েছিল। জেলাশাসক-সহ ৭ সদস্যের কমিটিও তৈরি হয়েছিল। কিন্তু নিয়োগ হয়নি। এবার ওই ৭৩৮টি পদেও নিয়োগের অনুমোদন দিল রাজ্য মন্ত্রিসভা।


**Central Institute of Petrochemicals Engineering & Technology**
(Dept. of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt. of India)
CIPET : CSTS - Haldia, City Centre, P.O. Debhog, Haldia, Dist. Purba Medinipur, West Bengal-721 657
Ph. No.: +91-3224-255534, Fax: +91-3224-253016, Email: haldia@cipet.gov.in

AICTE APPROVED

**CIPET ADMISSION TEST 2023**

Apply Online : https://cipet23.onlineregistrationform.org/CIPET/

EXCELLENT PLACEMENT RECORD

| Sl. No. | Name of the Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 3 Years | 10th Std. |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | 3 Years | 10th Std. |
| 3 | Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT) | 2 Years | 3 Years Degree in Science |
| 4 | Post Diploma in Plastics Mould Design with CAD/CAM (PD-PMD with CAD/CAM) | 1½ years | Diploma in Mechanical/ Plastics/ Polymer/ Tool/ Tool & Die Making/ Production/ Mechatronics/ Automobile/ Petrochemicals/ Industrial/ Instrumentation Engg. / Technology or DPMT/DPT or Equivalent |

* Candidates appearing for the entry qualification examination are also eligible to apply for all the above courses

No Age Bar / Eligible for Govt. Scholarship / Separate Hostel Accommodation for Boys & Girls

| IMPORTANT DATES | |
|---|---|
| Date of closure for JEE application submission | 28/05/2023 |
| Date of CIPET-JEE all over India | 11/06/2023 |
| Commencement of courses | First week of August 2023 |

For assistance 7001187413, 9749042189, 9002065809

Website: www.cipet.gov.in


Chakrir খবর


**বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার**
An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

সম্ভাব্য আসন্ন শূন্যপদ
WBP Constable & SI Food
SI TTE (Rail) RPF
Excise ASI WBCS
Upper Primary SLST TET
etc. সব বিষয়ে ভর্তি চলছে।

শংকর দার কোচিং
জীবন যুদ্ধে থাকবো পাশে
২৫ বছর
An Iustitute with 6500+ Students

সেনাবাহিনীর অগ্নিবীর/নার্সিং
এর ক্লাস চলছে। প্রতিদিন 3টি করে ক্লাস।
যাদের উচ্চমাধ্যমিক পরীক্ষা চলছে তাদের ক্লাস 27শে মার্চ থেকে।
ARMY AOC-তে ভর্তি চলছে যোগাযোগ : 9733894444

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন। ভবিষ্যৎ আপনার, তাই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বও আপনার। কোথায় ভর্তি হলে সঠিক গাইডেন্স পাবেন, সেটা ভাবুন তারপর ভর্তি হন।

হেড অফিস- (সপ্তাহে ৭ দিনই খোলা)
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা | 9733894444, 9547004388

কলেজ স্ট্রীট ক্যাম্পাস- ১
2/2 SITARAM GHOSH STREET Kolkata 700009
Ph : 9073029569

কলেজ স্ট্রীট ক্যাম্পাস- ২
126B, Raja Rammohan Roy Sarani, Kol-9 (opp. Amherst St. Post Office)
Ph : 9073029569

| | | |
|---|---|---|
| বারাসাত : 9635428886 | সিমলাপাল : 7001867319 | বীরভূম : 9732028946 |
| বসিরহাট : 9647303005 | কালিয়াগঞ্জ : 8535963458 | ইসলামপুর : 7434177055 |
| সোনারপুর : 7431823378 | রায়গঞ্জ : 9832795318 | মুর্শিদাবাদ : 7908389848 |
| তমলুক : 8328770363 | বালুরঘাট : 7001196620 | বেণ্ড্য়াডহরি : 8972768870 |
| শান্তিনিকেতন : 9531712620 | জলপাইগুড়ি : 7076378255 | বেহালা : 9432101918 |
| কোতুলপুর : 9107616753 | আলিপুরদুয়ার : 7718146276 | আসানসোল : 6296592998 |
| বাঁকুড়া : 8001693133 | কৃষ্ণনগর : 6291961779 | পুরুলিয়া : 9932214430 |
| পাঁশকুড়া : 6291961779 | হুগলী : 9073775022 | আউশগ্রাম : 9339374220 |
| মালদা : 9563516090 | শিলিগুড়ি, কোচবিহার : 9735035030 | |

WBCS 2023
বারাসাতে ক্লাস শুরু হয়ে গেছে।
যোগাযোগ : 9091003392

ভর্তি চলছে
* সেনাবাহিনী * R.P.F * স্কুল সার্ভিস SLST * Railway ALP Technician * BSF Tradesman * স্কুল সার্ভিস গ্রুপ C ও D
* WBP Constable & SI * KP Constable & SI * SSC MTS * Coast Guard * AIRFORCE X & Y
* Railway Gr-D * Primary TET * SSC আর্মবাহিনী * BSF Head Constable * CRPF Head Constable * NAVY

FREE DEMO CLASS
- 18th March Saturday Raigunge : 9832795318
- 20th March Monday Jalpaiguri : 7076378255
- 25th March Saturday College St. : 9073029569
- 26th March Sunday Behala : 9432101918
- 27th March Monday Krishnanagar : 6291961779
- 29th March Wednesday Santineketan : 9531712620

Helpline No : 9073029569

● দূরাবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে রয়েছে নিজস্ব 4টি হোস্টেল। ● প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়। ● পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে। ● প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন।

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। কোশের কোন কোশ বিভাজনকে 'হ্রাস বিভাজন' বলে — মায়োসিস।

২। উড়োজাহাজের উত্থান কোন নীতির ওপর নির্ভর করে হয় — বার্ণৌলীর নীতি।

৩। স্ত্রী কণ্ঠস্বর, পুরুষ কণ্ঠস্বরের থেকে তীক্ষ্ণ হয় কেন — উচ্চ কম্পাঙ্কের জন্য।

৪। আবহাওয়াবিদদের বেলুন কোন গ্যাসের মাধ্যমে ভরতি করা হয় — হিলিয়াম।

৫। কোন ফ্লুরিন যৌগ রেফ্রিজারেটরে শীতলকারক উপাদান হিসাবে ব্যবহৃত হয় — ফ্রেয়ন।

৬। ডায়াবেটিস রোগে মানব শরীরের কোন অঙ্গ আক্রান্ত হয় — প্লীহা।

৭। কোন অণুজীবে মেসোজোম দেখা যায় — ব্যাকটিরিয়া।

৮। তেতুঁলে কোন অ্যাসিড থাকে — টারটারিক অ্যাসিড।

৯। কোন মৌল দেশলাই তৈরিতে ব্যবহৃত হয় — ফসফরাস।

১০। 'ব্যারোমিটার' কে আবিষ্কার করেন



— এভানগেলিস্টা টরিসেলী।

## ইতিহাস

১১। নদিয়া চৌগাছার বিষ্ণুচরণ বিশ্বাস ও দিগম্বর বিশ্বাস কিসের প্রথম বিরোধিতা করেন — নীল চাষের।

১২। আরবরা কত সালে সিন্ধুদেশ জয় করে — ৭১২ সাল।


১৩। মোগল যুগের অন্যতম শ্রেষ্ঠ সঙ্গীতশিল্পী মিঁয়া তানসেন কীজন্য বিখ্যাত ছিলেন — 'মেঘ মল্লার' রাগ সৃষ্টির জন্য।

১৪। ভাস্কো-দা-গামা কোন দেশীয় নাবিক ছিলেন — পর্তুগিজ।

১৫। 'বিক্রমশীলা বিশ্ববিদ্যালয়' কার আদেশে তৈরি হয়েছিল — ধর্মপাল।

১৬। বিন্দুসার কোন উপাধি নিয়েছিলেন — অমিত্রঘাত।

১৭। স্যার উইলিয়াম জোন্স কবে



'এশিয়াটিক সোসাইটি' প্রতিষ্ঠা করেন — ১৭৮৪।

১৮। আকবর কাকে 'কবিপ্রিয়' উপাধি দিয়েছিলেন — বীরবল।

১৯। কোন ঘটনার পর মোহনদাস করমচাঁদ গান্ধী 'অসহযোগ আন্দোলন' পরিত্যাগ করেন — চৌরিচৌরার ঘটনার পর।

২০। শিবাজীকে শাসনকার্যে যাঁরা পরামর্শ দিতেন, তাঁদের কী বলা হত — অষ্টপ্রধান।

## ভূগোল

২১। এশিয়াকে আফ্রিকা থেকে আলাদা করেছে কোন জলবিভাজিকা — লোহিত সাগর।

২২। ভারতের প্রথম সুতাকলটি কোথায় গড়ে উঠেছিল — ঘুসুড়ি।

২৩। কোন পদ্ধতিতে সৌরতাপ পৃথিবীতে পৌঁছায় — বিকিরণ।

২৪। কফি চাষের জন্য কীরকম মাটি দরকার — লাল দোঁয়াশ মাটি।

২৫। 'খাইবার পাস' গিরিপথটি কোন দেশে আছে — পাক-ই-স্তান।

২৬। 'তুঙ্গভদ্রা' কোন নদীর উপনদী — কৃষ্ণা।

২৭। 'মন্দাকিনী নদী'র উৎসস্থল কোথায় — কেদারনাথের কাছে ঘোড়াবাড়ি হিমবাহ।

২৮। 'সালার জং' মিউজিয়াম ভারতের কোন রাজ্যে আছে — অন্ধ্র প্রদেশ।

২৯। কোন মাটিতে সবথেকে বেশি নারকেল উৎপন্ন হয় — উপকূলীয় মৃত্তিকায়।

৩০। নীলগিরি পাহাড় কোন পর্বতশ্রেণির অংশ — পশ্চিমঘাট।

## অর্থনীতি

৩১। কোন দেশ ভারতকে পিছনে ফেলে, বিশ্বের ষষ্ঠ বৃহত্তম শেয়ার বাজারে পরিণত হল — যুক্তরাজ্য।

৩২। কোন সংস্থাকে বায়ুবিদ্যুৎ কেন্দ্রের বরাত দিল শ্রীলঙ্কা — আদানি গ্রিন এনার্জি।

৩৩। কে বিশ্বের অন্যতম বড় বিয়ার উৎপাদক সংস্থা 'হাইনিকেন হোল্ডিং এনভি'র ৩.৭৬% শেয়ার কিনলেন — 'মাইক্রোসফট'এর প্রতিষ্ঠাতা বিল গেটস।

৩৪। এবছরের ফেব্রুয়ারিতে জিএসটি সংগ্রহের পরিমাণ মোট কত টাকা — ১.৪৯ লাখ কোটি।

৩৫। কোন ফোন প্রস্তুতকারক সংস্থা প্রায় ৬০ বছরে প্রথমবার নিজেদের আইকনিক লোগো বদলে ফেলল — নোকিয়া।

৩৬। 'ব্র্যান্ড ফিনান্স ২০২৩ র‍্যাঙ্কিং'এ, 'রিলায়েন্স জিও' বিশ্বের কততম শক্তিশালী টেলিকম ব্র্যান্ড — দ্বিতীয়।

## সাম্প্রতিক ঘটনা

৩৭। কোন শহর মহা শিবরাত্রির রাতে ১৮ লাখ ৮২ হাজার তেলের প্রদীপ জ্বালিয়ে নতুন বিশ্বরেকর্ড গড়ল — মধ্য প্রদেশের উজ্জয়িনী।

৩৮। বিশ্বের কততম দেশ হিসাবে দেশীয়ভাবে তৈরি ট্রেন কন্ট্রোল অ্যান্ড সুপারভিশন সিস্টেম চালু করে মাইলফলক অর্জন করল ভারত — ষষ্ঠ (ফ্রান্স, জার্মানি, জাপান, কানাডা ও চিনের পর)।

৩৯। 'বিশ্ব প্যাঙ্গোলিন দিবস' কবে পালিত হয় — ১৮ ফেব্রুয়ারি।

৪০। কোন সংস্থা ভারতে বিমানের অত্যন্ত গুরুত্বপূর্ণ যন্ত্র 'ব্ল্যাক বক্স' তৈরির অনুমোদন পেল — হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড।

৪১। কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখের লেফটেন্যান্ট গভর্নর এখন কে — অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার বি.ডি. মিশ্র।

৪২। সৌদি আরবের রাজধানী শহর রিয়াধে তৈরি হতে চলেছে মস্ত এক শহর। শহরটির নাম কী — মুকাব।

৪৩। 'ইন্ডিয়ান টেলিফোন ইন্ডাস্ট্রিজ লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — রাজেশ রাই।

৪৪। ভারতের প্রথম রাজ্য হিসাবে, ম্যানহোল পরিষ্কার করার জন্য রোবোটিক প্রযুক্তি ব্যবহার করছে কারা — কেরল (এই যন্ত্রটির নাম 'বান্ডিকুট')।

৪৫। কোন দেশের সদস্যপদ বাতিল করল 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স' — রাশিয়া।

৪৬। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল 'সেরা অ্যাডভেঞ্চার পর্যটন গন্তব্য' পুরস্কার পেল — জম্মু ও কাশ্মীর ('গুলমার্গ'কে বিশ্বব্যাপী একটি অ্যাডভেঞ্চার গন্তব্য হিসাবে প্রচার করার স্বীকৃতি হিসাবে জম্মু ও কাশ্মীর পর্যটন বিভাগকে এই পুরস্কার দেওয়া হয়েছে)।

৪৭। 'হেজউইথ ক্রিপ্টো' রিসার্চ অনুসারে, এবছর ক্রিপ্টোকারেন্সি গ্রহণের জন্য প্রস্তুত কততম দেশ ভারত — সপ্তম (১০-এর মধ্যে ভারতের স্কোর ৬.১২)।

৪৮। কে 'আন্তর্জাতিক মাতৃভাষা পুরস্কার' পেলেন — ভারতীয় শিক্ষাবিদ ও সমাজকর্মী ড.মহেন্দ্র



কুমার মিশ্র (ওড়িশায় স্থানীয় ভাষার উন্নতিতে অসামান্য অবদান রাখার জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৪৯। কোন দেশের সঙ্গে বিমান পরিষেবা চুক্তি স্বাক্ষর করল ভারত — গায়ানা।

৫০। এবছর বিশ্ব গ্রন্থমেলা কোথায় হয়েছে — নয়া দিল্লি।

৫১। সরকারি চাকরির পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস বন্ধ করতে ভারতের কোন রাজ্য সরকার সর্বসম্মতিক্রমে একটি বিল পাস করল — গুজরাত।

৫২। সম্প্রতি একটি নতুন যোগাযোগ উপগ্রহ মহাকাশে পাঠালো চিন। উপগ্রহটির নাম কী — চায়নাস্যাট ২৬।

৫৩। চিন্তামন দ্বারকানাথ দেশমুখের নামে মুম্বইয়ের 'চার্চগেট রেলওয়ে স্টেশন'এর নাম রাখার একটি প্রস্তাব পাস করলেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে। চিন্তামন দ্বারকানাথ দেশমুখ কে ছিলেন — 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর প্রথম ভারতীয় গভর্নর (খুব তাড়াতাড়ি এই স্টেশনের নতুন নাম হবে 'চিন্তামনরাও দেশমুখ স্টেশন')।

৫৪। ভারতের কোন রাজ্যের সব ব্রডগেজ রুটের বিদ্যুতায়ন সম্পন্ন করল ভারতীয় রেলওয়ে — উত্তর প্রদেশ।

৫৫। জেনেভায়, 'আন্তর্জাতিক শ্রম সংস্থা'র এক্সটারনাল অডিটর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — গিরিশ চন্দ্র মুর্মু।

৫৬। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল অবিলম্বে বাইক ট্যাক্সি পরিষেবার ওপর নিষেধাজ্ঞা জারি করল — দিল্লি।

৫৭। দেশের প্রথম ডিজিটাল নাগরিক হিসাবে চিহ্নিত হলেন কে — ভুটানের যুবরাজ ৭ বছর বয়সি জিগমে নামগিয়েল ওয়াংচুক।

৫৮। সম্প্রতি প্রয়াত ড.কনক রেলে (৮৫ বছর) কে ছিলেন — নৃত্যশিল্পী ('মোহিনীয়াট্টম' নৃত্যশিল্পী ছিলেন তিনি)।

৫৯। 'আন্তর্জাতিক ভাষা দিবস'এ, 'আপন বাংলা' পোর্টাল চালু করল পশ্চিমবঙ্গ সরকার। কাদের জন্য এই পোর্টাল চালু হয়েছে — প্রবাসী বাঙালি।

৬০। 'শিব সেনা' রাজনৈতিক দলের প্রধান হিসাবে কে নিযুক্ত হলেন — মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে।

৬১। ভারতে প্রথম স্থানীয় ভাষায় রায় প্রকাশ করল কোন হাই কোর্ট — কেরালা হাই কোর্ট।

৬২। কোন রাজ্য থেকে ভারতের প্রথম হাইব্রিড রকেট সফলভাবে উৎক্ষেপণ হল — তামিলনাড়ু।

৬৩। ভারতের প্রথম কৃষি চ্যাটবট 'Ama KrushAI' ভারতের কোন রাজ্যে চালু হয়েছে — ওড়িশা।

৬৪। কোন দেশের আদালত প্রথমবারের মতো সমকামী দম্পতিদের আইনি অধিকারকে স্বীকৃতি দিল — দক্ষিণ কোরিয়া।

৬৫। প্রথম মার্কিনি শহর হিসাবে জাতপাতের ভেদাভেদকে নিষিদ্ধ ঘোষণা করল কারা — সিয়াটল।

৬৬। রাষ্ট্রসঙ্ঘের 'স্কেলিং আপ নিউট্রিশন মুভমেন্ট'এর কোঅর্ডিনেটর এখন কে — ভারতীয় বংশোদ্ভূত কানাডিয়ান আফসান খান।

৬৭। 'নীতি আয়োগ'এর চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — বি.ভি.আর.শুব্রমনিয়াম।

৬৮। 'ইন্ডিয়ান টেলিফোন ইন্ডাস্ট্রিজ লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — রাজেশ রাই।

৬৯। সম্প্রতি আফগান-ই-স্তানের তালিবান সরকার তোরখাম বাণিজ্য সীমান্ত আবার খুলে দিয়েছে। তোরখাম কোন দেশের সঙ্গে আফগান-ই-স্তানের সীমানা তৈরি করে — পাক-ই-স্তান।

৭০। 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনা' সম্প্রতি কত বছরে পদার্পণ করল — ৪।

৭১। 'হলিউড ক্রিটিক্স অ্যাসোসিয়েশন পুরস্কার'এ সেরা আন্তর্জাতিক চলচ্চিত্রের শিরোপা পেল কোন ভারতীয় চলচ্চিত্র — আরআরআর।

৭২। দক্ষিণ আমেরিকার কোন দেশের ভাইস প্রেসিডেন্ট ভরত জাগদেও নয়া দিল্লিতে ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেছেন — গুয়ানা।

৭৩। ডেঙ্গু প্রাদুর্ভাবের পরিপ্রেক্ষিতে কোন দেশ স্বাস্থ্য জরুরি অবস্থা জারি করেছে — পেরু।

৭৪। পর্বতারোহী ও বিজ্ঞানীদের একটি দল 'মাউন্ট এভারেস্ট'এর ওপরে কত উচ্চতায় বিশ্বের সর্বোচ্চ আবহাওয়া স্টেশন স্থাপন করেছে — ৮,৮১০ মিটার।

৭৫। এই প্রথমবার ইন্দোনেশিয়ায় একটি সাবমেরিন পাঠালো ভারতীয় নৌসেনা। সাবমেরিনটির নাম কী — আইএনএস সিন্ধুকেসরি।

৭৬। কোন সোশ্যাল নেটওয়ার্কিং সাইট কৃত্রিম বুদ্ধিমত্তানির্ভর সংবাদভিত্তিক অ্যাপ 'আর্টিফ্যাক্ট' চালু করল — ইনস্টাগ্রাম।

৭৭। ভারতের ড্রাগ কন্ট্রোলার জেনারেল এখন কে — রাজীব রঘুবংশী।

৭৮। ৮৩.৭% ইউরেনিয়াম সমৃদ্ধ খনিজ পাওয়া গেল কোন দেশে — ইরান।

## খেলাধূলা

৭৯। ২০২৭ সাল পর্যন্ত 'মহিলা প্রিমিয়ার লিগ'এর টাইটেল স্পন্সরশিপ অধিকার পেল কোন কোম্পানি — টাটা গোষ্ঠী।

৮০। এবছর কে 'আর্জেন্টিনা ওপন'এর সিঙ্গলস জিতলেন — স্পেনের কার্লোস আলকারাজ (মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যামেরন নরিকে ৬-৩ ও ৭-৫ ব্যবধানে হারিয়ে)।

৮১। এবছর কোন দল 'কারাবাও কাপ' জিতল — ম্যাঞ্চেস্টার ইউনাইটেড (নিউক্যাসেল ইউনাইটেড দলকে ২-০ ব্যবধানে হারিয়ে)।

৮২। কে মেয়েদের টোয়েন্টি-২০ বিশ্বকাপের ইতিহাসে দ্রুততম বল করলেন — দক্ষিণ আফ্রিকার পেসার শাবনিম ইসমাইল (ইংল্যান্ডের বিরুদ্ধে বিশ্বকাপের সেমিফাইনালে খেলতে নেমে ইংল্যান্ড অধিনায়ক হিথার নাইটের বিরুদ্ধে ঘন্টায় ১২৮ কিলোমিটার গতিতে বল করেন শাবনিম)।

৮৩। কোথায় প্রথম তুষার ম্যারাথনের আয়োজন করল কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক — জম্মু।

৮৪। ২০২২ সালে 'ফিফা ফুটবল পুরস্কার'এ কে 'সেরা পুরুষ ফুটবলার'এর সম্মান পেলেন — লিওনেল মেসি।

৮৫। এবছর কোন দল আইসিসি 'মহিলাদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ' জিতল — অস্ট্রেলিয়া (দক্ষিণ আফ্রিকাকে ১৯ রানে হারিয়ে)।

৮৬। এবছর 'কাতার ওপন'এ সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রাশিয়ান টেনিস তারকা ড্যানিল মেদভেদেভ (ব্রিটিশ টেনিস তারকা অ্যান্ডি মারেকে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৮৭। এবছর কোন দল ১৩ তম 'হকি ইন্ডিয়া সিনিয়র উইমেন ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ' জিতল — মধ্য প্রদেশ (মহারাষ্ট্রকে ৫-১ ব্যবধানে হারিয়ে)।

৮৮। ৮৪ তম 'সিনিয়র জাতীয় ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষ ও মহিলাদের সিঙ্গলসে কারা চ্যাম্পিয়ন হলেন — যথাক্রমে মিঠুন মঞ্জুনাথ ও অনুপমা উপাধ্যায়।

৮৯। ভারতের ৮১ তম তথা বাংলার



১১তম দাবা গ্র্যান্ডমাস্টার কে — সায়ন্তন দাস।

৯০। কে সম্প্রতি ক্লাব কেরিয়ারে ৭০০ গোলের মাইলফলক ছুঁয়ে ফেললেন — লিওনেল মেসি।

৯১। ২০২২ সালে কে বিবিসি 'বর্ষসেরা ভারতীয় মহিলা ক্রীড়াবিদ'এর পুরস্কার পেলেন — ভারোত্তোলক মীরাবাই চানু।

সঙ্কলক : পলি দেওয়ান

# WBCS- এ কীভাবে অপশনাল বাছবেন ?



**RICE গ্রুপের কর্ণধার প্রফেসর সমিত রায়ের তত্ত্বাবধানে দীর্ঘ ৩৮ বছর ধরে ২০০ জনেরও বেশি শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মী, স্টাডি মেটেরিয়াল রিসার্চ টিমের সহায়তায় লাখ লাখ পরীক্ষার্থী নানান সরকারি চাকরির পরীক্ষায় সফল হয়েছেন। এই RICE গ্রুপের সকলে ছাত্রছাত্রীদের সকাল থেকে রাত পর্যন্ত সহায়তা করে চলেছেন। প্রতিবছরের মতো এবছরও WBCS পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছে। RICE গ্রুপের দীর্ঘ ২৫ বছরের অভিজ্ঞ শিক্ষক অধ্যাপক আর. সেন-এর কলম থেকে WBCS পরীক্ষার সাফল্যের কৌশল জেনে নেওয়া যাক।**

WBCS মেইনসের একাধিক বিষয় থাকে। মূল বিষয়গুলির পাশপাশি আরও একটি দিক রয়েছে যা হল অপশনাল বা ঐচ্ছিক বিষয়।

**কারা নেবেন অপশনাল সাবজেক্ট?**

মূলত A,B,C,D এই ৪টি গ্রুপের মাধ্যমে WBCS-এ সিলেকশন হয়। A, B গ্রুপে যাঁরা টার্গেট করবে তাঁদের জন্য অপশনাল সাবজেক্ট বাধ্যতামূলক। যাঁরা C, D টার্গেট করবেন তাঁরা অপশনাল নাও নিতে পারেন বা পরীক্ষা নাও দিতে পারেন। তবে এক্সিকিউটিভ সার্ভিস বা ডিএসপি সকলেরই লক্ষ্য হওয়া উচিত। শুরু থেকেই অপশনালের প্রস্তুতি নিলে পরীক্ষার্থীদের সুবিধা হবে।

**WBCS-এ অপশনালের গুরুত্ব ঠিক কতটা?**

WBCS মেইনসে অপশনালের Paper 1 , Paper 2 মিলিয়ে ৪০০ নম্বর রয়েছে। A, B Group এর জন্য অপশনাল শুধু গুরুত্বপূর্ণই নয়, এটা ডিসাইডিং ফ্যাক্টর। অর্থাৎ, সংশ্লিষ্ট পরীক্ষার্থী নির্বাচিত হবেন কিনা, তা অনেকটাই নির্ভর করছে অপশনালে পাওয়া নম্বরের ওপর।

**মূলত কোন কোন বিষয় থাকে অপশনালের তালিকায়?**

প্রায় ৩৭টার মতো বিষয় রয়েছে। যা থেকে অপশনাল বেছে নেওয়া যায়। যেমন ভাষা বিষয়ক যে বিভাগের মধ্যে বাংলা, ইংরিজি, হিন্দি, সংস্কৃত, উর্দু, তুলনামূলক সাহিত্য রয়েছে। বিজ্ঞান বিভাগে অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি, বোটানি, জুলজি, ফিজিওলজি, এগ্রিকালচারের মতো বিষয় রয়েছে। কলা বিভাগের ক্ষেত্রে ইতিহাস, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান রয়েছে। ইঞ্জিনিয়ারিং ব্যাকগ্রাউন্ড যাঁদের তাঁদের জন্য কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রয়েছে। সমাজবিজ্ঞানের নানান বিষয়ের মধ্যে সোশিওলজি, অ্যানথ্রোপলজি, সাইকোলজির মতো বিষয় রয়েছে।

**কোন কোন সাবজেক্ট স্কোরিং হতে পারে?**

বেছে নেওয়া বিষয় থেকে অনার্স মানের প্রশ্ন আসে। পরীক্ষার খাতায় কীভাবে উপস্থাপন করা হবে উত্তরটা, তার ওপর স্কোর নির্ভর করে। এক সময় মনে করা হতো, ইতিহাস মানেই প্রচুর লিখতে হয়। তবে গত কয়েক বছরে ইতিহাসের প্রশ্নের ধরন যেমন বদলেছে তেমনই অনেকেই ছোটো ছোটো Para বা Bullet ফর্মে লিখে দারুণ স্কোর করেছে। এক্ষেত্রে আগ্রহ রয়েছে এমন বিষয় বেছে নিলে সেই বিষয়ের ওপর আসা প্রশ্নের উত্তর লিখতে সুবিধা হবে। এমনকি উত্তরের মানও অনেক ভালো হবে।

**কীভাবে বেছে নেবেন অপশনাল?**

অপশনাল বেছে নেওয়ার আগে, নিজের পছন্দ বা পরিস্থিতিকে প্রাধান্য দেওয়ার পাশাপাশি সিলেবাসটাও খুঁটিয়ে দেখতে হবে।

বিগত বছরের প্রশ্নপত্র বা প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী বই সহজে পাওয়া যায় এমন বিষয়ই বেছে নিতে হবে।

অনেকেই অপশনাল বাংলা ভাষায় লিখতে চায়, সেক্ষেত্রে পছন্দের বিষয়ের ওপর বাংলা ভাষায় উপযুক্ত বই বাজারে পাওয়া যায় কিনা খোঁজ নিতে হবে।

অপশনাল বিষয়ের প্রস্তুতিতে Notes-এর গুরুত্ব অপরিসীম। অভিজ্ঞ শিক্ষকদের পরামর্শ ও কার্যকরী Notes যেকোনো বিষয়কেই স্কোরিং করে তুলতে পারে।

সাজেশন ভিত্তিক পড়াশোনা না করে পুরো বিষয়ের ওপরেই দখল রাখার চেষ্টা করতে হবে।

**এক্ষেত্রে কি কোনো নিয়ম রয়েছে?**

নিজের স্নাতক স্তরের বিষয়কে প্রাধান্য দেওয়া যেতে পারে। কারণ ৩ বছর স্নাতক বা পরবর্তীকালে স্নাতকোত্তর স্তরেও সেই বিষয় থাকলে বিষয়ের সঙ্গে পরিচিতি অনেক বেশি থাকে। GS পেপারের সঙ্গে সম্পর্কযুক্ত যে বিষয় রয়েছে যেমন ইতিহাস, ভূগোল, পলিটিক্যাল সায়েন্স বেছে নেওয়া যেতে পারে। তাতে ২টি ক্ষেত্রে একইসঙ্গে প্রস্তুতি সম্ভব। আরেক দিকে কিছু অপশনাল রয়েছে যা সবাই বেছে নেয়, সোশিওলজি, অ্যানথ্রোপলজি, সাইকোলজির মতো বিষয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের বই নিয়ে পড়ে পর্যালোচনা করলে দেখা যেতে পারে কোন বিষয় আমার পড়ার জন্য ভালো। এক্ষেত্রে ২-৩ বিষয়ের বই নিয়ে পর্যালোচনা করলে অপশনাল বেছে নিতে সুবিধা হবে।

**অপশনালের প্রস্তুতি কীভাবে শুরু করা উচিত ?**

প্রত্যেকেরই নিজস্ব স্ট্র্যাটেজি থাকা উচিত।

প্রথমেই মনে রাখতে হবে সংশ্লিষ্ট বিষয়ে সিলেবাস যেন জানা থাকে। বিষয় বেছে নেওয়ার পর ওই বিষয় সংক্রান্ত যে বই বা নোটস রয়েছে তা সংগ্রহ করতে হবে। তবে সিলেবাস পুরোটাই শেষ করতে হবে এটা মাথায় রাখতে হবে।

এর পাশাপাশি নোটসও খুব গুরুত্বপূর্ণ। যেসব জায়গায় ম্যাপ, ফ্লোচার্ট, ডায়াগ্রাম দেওয়া যেতে পারে সেখানে তা দিতে হবে।

একইসঙ্গে প্রতিদিন উত্তর লেখার অভ্যেস রাখতে হবে যাতে পরীক্ষার সময় সময়ের মধ্যে সব প্রশ্নের উত্তর লেখা যায়।

**WBCS এর ইন্টারভিউতে কী Optional Subject নিয়ে কিছু প্রশ্ন করা হয়?**

মেইনসের প্রস্তুতির সঙ্গে সঙ্গেই ইন্টারভিউয়ের প্রস্তুতিও নেওয়া উচিত। অপশনাল সাবজেক্ট সম্পর্কিত বিষয় ইন্টারভিউতে জানতে চাওয়া হয়। মূলত বেসিক কিছু প্রশ্নই আসে। অন্যদিকে কিছু কমন প্রশ্নও আসে, যেমন হয়তো কারোর ব্যাকগ্রাউন্ড ইঞ্জিনিয়ারিং, কিন্তু অপশনাল সাবজেক্ট অ্যানথ্রোপলজি। সেক্ষেত্রে জানতে চাওয়া হয় কেন এই বিষয় বেছে নিলেন? অথবা আপনার এই অপশনাল সাবজেক্ট কীভাবে কাজের ক্ষেত্রে কাজে লাগবে?

সব শেষে, মনে রাখতে হবে স্ট্র্যাটেজিগত গ্যাপ যেন না থাকে। বিষয় বেছে নেওয়ার আগে পর্যালোচনা করা খুবই গুরুত্বপূর্ণ। তা সময়সাপেক্ষ হলেও এই পদ্ধতি বেছে নেওয়া ভালো। বিষয় বেছে নেওয়ার আগে পর্যালোচনা না করার কারণে অনেকেই বছর বছর বিষয় বদল করে। এটা অত্যন্ত ভুল স্ট্র্যাটেজি। এতে সারা বছরের পরিশ্রম বিফলে যায়।

করোনার ধাক্কায়ও
কর্মসংস্থান
কুপোকাত হয়নি
সারা ভারতের সব ভাষার
পত্রিকা ও একমাত্র সাপ্তাহিকের মধ্যে
সেই ১ নম্বরেই*
আর করোনাকালে বিক্রিতে
মাত্র ৬%* পার্থক্য রেখে
সারা দেশে নজির গড়েছে
কর্মসংস্থান
স্বনির্ভর কর্মসংস্থান বা চাকরি। ভরসা কর্মসংস্থান
*As per comparative study of ABC Report of July-Dec, 2019 and Jan-Jun, 2022

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪
বিনা ব্যয়ে নার্সিং ট্রেনিং
(General Duty Assistant - Healthcare)
তপশিলী জাতি সম্প্রদায়ভুক্ত যুবক/যুবতীদের স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে General Duty Assistant - Healthcare কোর্স করার সুযোগ।
যোগ্যতা : মাধ্যমিক পাস। বয়স: ১৮ থেকে ৩৫ বছর। পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ ৩,০০,০০০/-
প্রশিক্ষন কেন্দ্র
ইসলামপুর (উ: দিনাজপুর) : 6297790220 কালিয়াগঞ্জ (উ: দিনাজপুর) : 9153210242
শিলিগুড়ি টাউন (দার্জিলিং) : 9614622790
সাগরপাড়া (মুর্শিদাবাদ) : 9734809909 লিলুয়া (হাওড়া) : 9051404124
প্রশিক্ষন রূপায়নে ncsm
Head Office: Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in
M: 9434609000

ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন
ভারত সরকারের তথ্য ও প্রযুক্তি দপ্তর দ্বারা পুরস্কার প্রাপ্ত ভারতের ১ নং সংস্থা



মাধ্যমিক
পরীক্ষার্থীদের জন্য
কম্পিউটার কোর্সে ভর্তি চলছে
NCSM
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION
ভর্তির জন্য আপনার নিকটবর্তী NCSM-এর যে কোনো স্টাডি সেন্টারে যোগাযোগ করুন।
Information for Student : NCSM এর কোর্সে ভর্তি হওয়ার সাথে সাথে Registration Number ও iCard পাওয়া যায় শুধু মাত্র NCSM সেন্টারে।
CCA ADOAP DTP TALLY DCA
কেন NCSM অন্য কম্পিউটার সেন্টার থেকে অনেক এগিয়ে ?
NCSM এর কোর্সের CERTIFICATE ভারতের সকল Employment Exchange -এ গ্রহন যোগ্য ও Online -এ Verification করা যায়।
Training Partner of PMGDISHA & NIELIT, Govt of India. Largest Training Provider under PBSSD, Govt. of West Bengal.
An ISO 9001 : 2015 Certified & NCT, Govt. of Delhi Regd. Organization. Winner of "Digital India Award 2017" from Govt.of India.
Own Job Portal for all Students. Free Lifetime Practice Card for all Students.
Help Line : 9232709000
Website : www.ncsm.co.in

## একনজরে সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৩ ফেব্রুয়ারি** : জেনেভায়, 'আন্তর্জাতিক শ্রম সংস্থা'র এক্সটারনাল অডিটর হিসাবে মনোনীত হলেন গিরিশ চন্দ্র মুর্মু। ৪ বছরের (২০২৪-'২৭) মেয়াদের জন্য এই দায়িত্ব নেবেন তিনি।

❑ 'ইন্ডিয়ান টেলিফোন ইন্ডাস্ট্রিজ লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হলেন রাজেশ রাই।

❑ ভারতের ড্রাগ কন্ট্রোলার জেনারেল হলেন রাজীব রঘুবংশী।

❑ 'আন্তর্জাতিক মাতৃভাষা পুরস্কার' পেলেন ভারতীয় শিক্ষাবিদ ও সমাজকর্মী ড.মহেন্দ্র কুমার মিশ্র। ওড়িশায় স্থানীয় ভাষার উন্নতিতে অসামান্য অবদান রাখার জন্য এই পুরস্কার পেলেন তিনি। বাংলাদেশের ঢাকায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে এই পুরস্কার নিয়েছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ৩ দশকেরও বেশি সময় ধরে ওড়িশার ভাষা, সংস্কৃতি ও শিক্ষা নিয়ে কাজ করছেন তিনি।

❑ 'কৃষি ওড়িশা ২০২৩'এর সমাপ্তি সভায় কৃষি ক্ষেত্রের জন্য ভারতের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা চ্যাটবট 'Ama KrushAI' চালু করলেন ওড়িশার রাজ্যপাল গণেশি লাল। এই চ্যাটবট কৃষকদের কৃষি পদ্ধতিতে সাহায্য করবে, বিভিন্ন সরকারি প্রকল্প ও ৪০টিরও বেশি বাণিজ্যিক ও সমবায় ব্যাঙ্কের ঋণ পণ্য সম্পর্কে কৃষকদের জানিয়ে দেবে। এটি একটি পাইলট প্রকল্পের অধীনে পরিচালিত হবে, যেখানে ১০ হাজারেরও বেশি কৃষক জড়িত রয়েছেন ও আগামী ২ মাসের মধ্যে এটি সম্পূর্ণভাবে বাস্তবায়িত হবে।

❑ দক্ষিণ-পশ্চিম চিনের সিচুয়ান প্রদেশের সিছাং স্যাটেলাইট উৎক্ষেপণ কেন্দ্র থেকে কক্ষপথে 'চায়নাস্যাট ২৬' নামে একটি নতুন যোগাযোগ উপগ্রহ পাঠালো চিন। বেজিংয়ের সময় সন্ধ্যা ৭টা ৪৯ মিনিটে, লং মার্চ-৩বি ক্যারিয়ার রকেটে করে এটিকে উৎক্ষেপণ করা হয়। উপগ্রহটি মূলত স্থির টার্মিনালের পাশাপাশি জাহাজবাহিত ও বায়ুবাহিত টার্মিনালগুলির জন্য উচ্চগতির ব্রডব্যান্ড পরিষেবা সরবরাহ করবে। উচ্চগতির নেটওয়ার্ক যোগাযোগ ও স্যাটেলাইট ইন্টারনেট পরিষেবা প্রদানের জন্য ইন-অরবিট, হাই-থ্রুপুট স্যাটেলাইট 'চায়নাস্যাট ১৬' ও 'চায়নাস্যাট ১৯'এর সঙ্গে একসঙ্গে কাজ করবে এটি। এটি চিনের প্রথম হাই-থ্রুপুট উপগ্রহ, যার যোগাযোগ ক্ষমতা প্রতি সেকেন্ডে ১০০ গিগাবাইটের বেশি।

❑ 'হেজউইথ ক্রিপ্টো' রিসার্চ অনুসারে, এবছর ক্রিপ্টোকারেন্সি গ্রহণের জন্য প্রস্তুত সপ্তম বৃহত্তম দেশ ভারত। এক্ষেত্রে ১০-এর মধ্যে ভারতের স্কোর ৬.১২। অন্যদিকে, ১০-এর মধ্যে ৭.৩৭ স্কোর নিয়ে, এবছর ক্রিপ্টো গ্রহণের ক্ষেত্রে বৃহত্তম দেশ অস্ট্রেলিয়া। ক্রিপ্টোকারেন্সি ও অন্যান্য ডিজিটাল সম্পদের বিক্রি অস্ট্রেলিয়ায় বৈধ ও নিয়ন্ত্রিত। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্র (৭.০৭) ও ব্রাজিল (৬.৮১)।

❑ জম্মু ও কাশ্মীর পর্যটনকে, 'সেরা অ্যাডভেঞ্চার পর্যটন গন্তব্য' পুরস্কারের জন্য মনোনীত করল 'ইন্ডিয়া টুডে ট্যুরিজম সার্ভে'। 'গুলমার্গ'কে বিশ্বব্যাপী একটি অ্যাডভেঞ্চার গন্তব্য হিসাবে প্রচার করার স্বীকৃতি হিসাবে জম্মু ও কাশ্মীর পর্যটন বিভাগকে এই পুরস্কার দেওয়া হয়েছে। নয়া দিল্লিতে, কেন্দ্রীয় সংস্কৃতি ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এই পুরস্কার দিয়েছেন।

❑ ২০২৭ সাল পর্যন্ত 'মহিলা প্রিমিয়র লিগ'এর টাইটেল স্পন্সরশিপ অধিকার পেল 'টাটা গোষ্ঠী'।

**২৪ ফেব্রুয়ারি** : এবছর ২৪ ফেব্রুয়ারি, ৪ বছর পূর্ণ করল 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনা'। জমির মালিক কৃষকদের আর্থিক চাহিদা মেটাতে, ২০১৯ সালের ২৪ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই প্রকল্প চালু করেছিলেন। এই প্রকল্পের অধীনে, প্রতি ৪ মাসে ৩টি সমান কিস্তিতে প্রতি বছর ৬,০০০ টাকা আর্থিক সুবিধা সারা দেশের কৃষক পরিবারের ব্যাঙ্ক অ্যাকাউন্টে 'ডায়রেক্ট বেনিফিট ট্রান্সফার' মোডের মাধ্যমে দেওয়া হয়।

'বিশ্বব্যাঙ্ক'এর প্রধানের পদে অজয় বাঙ্গা'কে মনোনীত করলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন।



❑ সরকারি চাকরির পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস বন্ধ করতে সর্বসম্মতিক্রমে একটি বিল পাস করল গুজরাত বিধানসভা। এই বিলের বিধান অনুসারে, প্রশ্ন ফাঁসজনিত অপরাধের সঙ্গে যুক্ত অভিযুক্তের ১০ বছর পর্যন্ত কারাদণ্ড ও ১০ লাখ থেকে ১ কোটি টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। বিলটির নাম 'গুজরাত পাব্লিক এক্সামিনেশন' (অন্যায্য উপায় প্রতিরোধ) বিল, ২০২৩।

❑ প্রথমবারের মতো সমকামী দম্পতিদের আইনি অধিকারকে স্বীকৃতি দিল দক্ষিণ কোরিয়ার একটি আদালত। দেশটিতে সমকামী বিয়ে স্বীকৃত নয়। তবে, ২০১৯ সালে ২ পুরুষ তাঁদের বিয়ের অনুষ্ঠান করেছিলেন। ২০২১ সালে জাতীয় স্বাস্থ্য বিমা পরিষেবার বিরুদ্ধে মামলা করেছিলেন তাঁরা। অভিযোগ ছিল, তাঁরা সমকামী দম্পতি জানার পরে বিমা কোম্পানি তাঁদের অধিকার খর্ব করে বিমাটি স্থগিত করে। তার ভিত্তিতেই এই রায় দেওয়া হয়েছে।

❑ রাশিয়ার সদস্যপদ বাতিল করল 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'। ইউক্রেনে 'উস্কানিমূলক, অবৈধ ও অযৌক্তিক' সামরিক আগ্রাসনের জন্যই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। তারা জানিয়েছে, রাশিয়ার সব পদক্ষেপ 'এফএটিএফ'এর মূল নীতির পরিপন্থী ও তা অ-গ্রহণযোগ্য।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে, ম্যানহোল পরিষ্কার করার জন্য রোবোটিক প্রযুক্তি ব্যবহার করছে কেরল, যেটির নাম 'বান্ডিকুট'। কেরলের ত্রিশুর জেলার 'গুরুভায়ুর পয়ঃনিষ্কাশন প্রকল্প'এ ১০০ দিনের কাজ পরিচালনার অংশ হিসাবে এই রোবোটিক প্রযুক্তির ব্যবহার শুরু করেন রাজ্যের জলসম্পদ মন্ত্রী রোসি অগাস্টিন। কেরলের সংস্থা 'জেনরোবোটিক্স' এই 'বান্ডিকুট' তৈরি করেছে। এই প্রক্রিয়ায় বান্ডিকুটের প্রধান অংশকে ম্যানহোলের মধ্যে ঢোকানো হয়। তারপর রোবটের হাত ব্যবহার করে বর্জ্য অপসারণ করা হয়। যন্ত্রটিতে মানুষের অঙ্গপ্রত্যঙ্গের মতোই অংশ রয়েছে। সেখানে ওয়াটার প্রুফ এইচডি ভিশন ক্যামেরা ও সেন্সর রয়েছে। এই সেন্সর ম্যানহোলের মধ্যে থাকা ক্ষতিকারক গ্যাস শনাক্ত করতে পারে। ম্যানহোল পরিষ্কারে এই আধুনিকীকরণের ফলে অতিমারির বিস্তার যেমন রোধ করা যাবে, ঠিক তেমনই স্বাস্থ্য রক্ষার ক্ষেত্রেও সাহায্য করবে এটি।

❑ স্প্যানিশ ফুটবলের জাতীয় দল থেকে অবসর নিলেন সার্জিও রামোস। স্পেনের জাতীয় দলের হয়ে সর্বকালের সর্বাধিক ম্যাচ খেলেছেন তিনি। ১৮০টি আন্তর্জাতিক ম্যাচ খেলার কৃতিত্ব রয়েছে তাঁর।

**২৫ ফেব্রুয়ারি** : কৃত্রিম বুদ্ধিমত্তানির্ভর সংবাদভিত্তিক অ্যাপ 'আর্টিফ্যাক্ট' চালু করলেন 'ইনস্টাগ্রাম'এর দুই সহপ্রতিষ্ঠাতা কেভিন সিসট্রম ও মাইক ক্রিগার। আইওএস ও অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমে চলা এই অ্যাপটি ব্যবহারকারীরা কোন বিষয়ের সংবাদ বেশি পড়ছেন, তা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির মাধ্যমে শনাক্ত করবে ও তারপর ব্যবহারকারীদের আগ্রহ বুঝে অ্যাপের নিউজ ফিডে একই ধরনের সংবাদ প্রদর্শন করবে।

❑ বিশ্বের অন্যতম বড় বিয়ার উৎপাদক সংস্থা 'হাইনিকেন হোল্ডিং এনভি'র ৩.৭৬% শেয়ার কিনলেন 'মাইক্রোসফট'এর প্রতিষ্ঠাতা বিল গেটস। ১৭ ফেব্রুয়ারি এই শেয়ার কিনেছেন তিনি। মেক্সিকোর আর্থিক লগ্নি সংক্রান্ত প্রতিষ্ঠান 'ফেমসা' তাদের হাতে থাকা হাইনিকেন হোল্ডিংয়ের ১ কোটি ৮০ লাখ শেয়ার বিক্রি করে দিয়েছে, যার মধ্যে ১ কোটি ৮ লাখ শেয়ার কিনে নিয়েছেন বিল গেটস। যার এখনকার বাজারমূল্য ৮৮ কোটি ৩০ লাখ ইউরো বা প্রায় ৯৪ কোটি মার্কিন ডলার।

❑ এই প্রথমবার ইন্দোনেশিয়ায় একটি সাবমেরিন পাঠালো ভারতীয় নৌসেনা। এরমধ্যেই জাকার্তায় পৌঁছেছে 'সিন্ধুকেসরি' নামে এই ভারতীয় সাবমেরিন। সুন্দা উপসাগর ধরে জাকার্তায় পৌঁছেছে ৩,০০০ টনের এই সাবমেরিন। এই পদক্ষেপ 'অ্যাসোসিয়েশন অফ সাউথইস্ট এশিয়ান নেশনস' দেশগুলিতে ভারতের কূটনৈতিক ও সামরিক প্রভাব বাড়ানোর একটি নীতি বলেই মনে করা হচ্ছে। ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে যোগাযোগ আরও দৃঢ় করতে 'আইএনএস সিন্ধুকেসরি'কে স্বাগত জানিয়েছে ইন্দোনেশিয়ার নৌসেনা।

❑ গৌতম আদানির গোষ্ঠীকেই বায়ুবিদ্যুৎ কেন্দ্রের বরাত দিল শ্রীলঙ্কা। 'শ্রীলঙ্কা বোর্ড অফ ইনভেস্টমেন্ট' জানিয়েছে, সে দেশের উত্তরাংশের ২টি বিদ্যুৎ প্রকল্প তৈরির ৪৪ কোটি ২০ লাখ ডলারের (প্রায় ৩,৬৫৬ কোটি টাকা) বরাত দেওয়া হচ্ছে 'আদানি গ্রিন এনার্জি'কে। ২০২৫ সালের মধ্যে শ্রীলঙ্কার জাতীয় বিদ্যুৎ গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করবে আদানি গ্রিন এনার্জি।

❑ নয়া দিল্লির মথুরা রোডে 'প্রগতি ময়দান'এ শুরু হল এবছরের বিশ্ব গ্রন্থমেলা। চলবে ৫ মার্চ পর্যন্ত। এবছর এই বইমেলার থিম 'আজাদি কা অমৃত মহোৎসব'। ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তিতে এই থিম। এবারের বইমেলার 'গেস্ট অফ অনার' হল ফ্রান্স।

❑ প্রথম মার্কিনি শহর হিসাবে জাতপাতের ভেদাভেদকে নিষিদ্ধ ঘোষণা করল সিয়াটল। সিয়াটলের সিটি কাউন্সিলে পাস হয়েছে এই ঐতিহাসিক প্রস্তাব। উচ্চ বর্ণের হিন্দু ইন্দো-মার্কিনি রাজনীতিবিদ ক্ষমা সাওয়ান্ত এই প্রস্তাব এনেছিলেন। ৬-১ ভোটে কাউন্সিলে পাস হয় এই প্রস্তাব।

❑ ব্রিটিশ টেনিস তারকা অ্যান্ডি মারেকে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, এবছর 'কাতার ওপন'এ সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রাশিয়ান টেনিস তারকা ড্যানিল মেদভেদেভ।

**২৬ ফেব্রুয়ারি** : ডিরেক্টর জেনারেল কোয়ালিটি অ্যাসিওরেন্স হলেন লেফটেন্যান্ট জেনারেল আর.এস.রিন।




দক্ষিণ আফ্রিকাকে ১৯ রানে হারিয়ে, এবছর আইসিসি 'মহিলাদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ' জিতল অস্ট্রেলিয়া।

❑ এবছর 'মার্কনি পুরস্কার' পেলেন কম্পিউটার সায়েন্টিস্ট হরি বালাকৃষ্ণণ। তারযুক্ত ও বেতার নেটওয়ার্কিং, মোবাইল সেন্সিং ও ডিস্ট্রিবিউটেড সিস্টেমে তাঁর মৌলিক আবিষ্কারগুলির সমাজে বিস্তৃত প্রভাবের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। 'ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অফ টেকনোলজি'র ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ও কম্পিউটার সায়েন্স বিভাগের অধ্যাপক তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, কম্পিউটার বিজ্ঞানীদের জন্য একটি শীর্ষ সম্মান এটি, যা মার্কিন যুক্তরাষ্ট্রের 'মার্কনি ফাউন্ডেশন'এর তরফ থেকে দেওয়া হয়।

❑ নিজেদের সব তেল শোধনাগারে সবুজ হাইড্রোজেন প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত নিল 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড'। ২০৪৬ সালের মধ্যে কার্বন নির্গমণ শূন্যে নিয়ে আসার জন্য আইওসি'র ২ লাখ কোটি টাকার সবুজ রূপান্তর পরিকল্পনার অংশ এটি। পাণিপথ তেল শোধনাগারে ২০২৫ সালের মধ্যে ২,০০০ কোটি টাকা খরচে একটি হাইড্রোজেন প্ল্যান্ট স্থাপন করবে আইওসি।

❑ নিউক্যাসেল ইউনাইটেড দলকে ২-০ ব্যবধানে হারিয়ে, এবছর 'কারাবাও কাপ' জিতল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড।

❑ মহারাষ্ট্রকে ৫-১ ব্যবধানে হারিয়ে, এবছর ১৩ তম 'হকি ইন্ডিয়া সিনিয়র উইমেন ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ' জিতল মধ্য প্রদেশ।

❑ 'রিয়াল স্পোর্টস ইন্ডিয়া' ও 'অ্যামেজিং ভাদেরওয়াহ ট্যুরিজম অ্যাসোসিয়েশন'এর সহযোগিতায়, জম্মুর ভাদেরওয়াহে তুষার ম্যারাথনের আয়োজন করল কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক। ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তি, জি-২০ সম্মেলনে ভারতের সভাপতিত্ব, দেখো আপনা দেশ, যুব পর্যটন ক্লাব ও ফিট ইন্ডিয়া মুভমেন্ট উপলক্ষ্যে এই প্রথম এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

❑ মেয়েদের টোয়েন্টি-২০ বিশ্বকাপের ইতিহাসে দ্রুততম বল করলেন দক্ষিণ আফ্রিকার পেসার শাবনিম ইসমাইল। ইংল্যান্ডের বিরুদ্ধে বিশ্বকাপের সেমিফাইনালে এই কীর্তি

### ফিফা ফুটবল পুরস্কার - ২০২২




❑ **পুরুষ খেলোয়াড় :** লিওনেল মেসি (প্যারিস সেইন্ত-জার্মেইন/আর্জেন্তিনা)।
❑ **মহিলা খেলোয়াড় :** অ্যালেক্সিয়া পুতেল্লাস (বার্সেলোনা/স্পেন)।
❑ **পুরুষ কোচ :** লিওনেল স্কালোনি (আর্জেন্তিনা)। ❑ **মহিলা কোচ :** সারিনা উইগম্যান (ইংল্যান্ড)।
❑ **পুরুষ গোলরক্ষক :** এমিলিয়ানো মার্টিনেজ (অ্যাস্টন ভিলা/আর্জেন্তিনা)।
❑ **মহিলা গোলরক্ষক :** মেরি ইয়ারপস (ম্যাঞ্চেস্টার ইউনাইটেড/ইংল্যান্ড)।
❑ **পুসকাস পুরস্কার :** মার্সিন ওলেস্কি (পোল্যান্ড)।
❑ **ফ্যান পুরস্কার :** আর্জেন্তিনা জাতীয় দল ফ্যানস। ❑ **ফেয়ার প্লে পুরস্কার :** লুকা লোচোশভিলি।

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

Chakrir খবর

গড়লেন তিনি। ইংল্যান্ড অধিনায়ক হিথার নাইটের বিরুদ্ধে ঘণ্টায় ১২৮ কিলোমিটার গতিতে বল করেন শাবনিম, যা মেয়েদের ক্রিকেটে রেকর্ড। প্রসঙ্গত উল্লেখ্য, পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপে এখনও পর্যন্ত সর্বোচ্চ গতিতে বল করেছেন ইংল্যান্ডের মার্ক উড। ২০২২ সালের বিশ্বকাপে নিউজিল্যান্ডের বিরুদ্ধে ঘণ্টায় ১৫৪.৭৪ কিলোমিটার বেগে বল করেন তিনি।

**২৭ ফেব্রুয়ারি :** 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সেক্রেটারি জেনারেল হলেন শৈলেশ পাঠক।



'নাসা'র প্রথম মহিলা সায়েন্স চিফ হিসাবে নিযুক্ত হলেন নিকোলা ফক্স।

❑ প্রায় ৬০ বছরে প্রথমবার নিজেদের আইকনিক লোগো বদলে ফেলল সুইডিশ ফোন প্রস্তুতকারক সংস্থা 'নোকিয়া'। আগে এই লোগোয় যে হাত থাকত ও পুরোপুরি নীল রঙে লেখা থাকত 'NOKIA' কথাটি। এখন এই নতুন লোগোতে একগুচ্ছ রং ব্যবহার করা হয়েছে ও 'NOKIA' লেখার নকশাও বদল করা হয়েছে। হাতের বদলে একটি বন্ধনের মতো তৈরি করেছে নোকিয়া। সম্ভবত সমাজের সব শ্রেণির মানুষের জন্য এই বিভিন্ন রং ব্যবহার করা হয়েছে।

❑ ২৬ ফেব্রুয়ারি, ক্লাব কেরিয়ারে ৭০০ গোলের মাইলফলক ছুঁয়ে ফেললেন লিওনেল মেসি। এদিন প্যারিস সেইন্ত জার্মেইন বনাম মার্সেই ম্যাচে খেলতে নেমে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি। ম্যাচের ২৯ মিনিটে এমবাপ্পের পাস থেকে গোল করেই ৭০০ গোলের মাইলফলক ছুঁলেন মেসি। মোট ৭০০টি গোলের মধ্যে বার্সেলোনার হয়ে ৬৭২টি গোল ও পিএসজি'র হয়ে বাকি ২৮টি গোল করেছেন তিনি। এতদিন পর্যন্ত, কেরিয়ারে একমাত্র ৭০০ গোলের অধিকারী ছিলেন পর্তুগিজ মহাতারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (৭০৯)। এবার তাঁর পাশেই বসলেন মেসি। যদিও, ৭০০ ক্লাব গোল পেতে রোনাল্ডোর লেগেছিল ৯৪৩টি ম্যাচ। অন্যদিকে, এই কীর্তি ছুঁয়ে ফেলতে, মেসি খেলেছেন ৮৪০টি ম্যাচ। অর্থাৎ, ১০৩টি ম্যাচ কম খেলেই রোনাল্ডোর রেকর্ড ছুঁলেন মেসি।

❑ ভারতের ৮১ তম তথা বাংলার ১১ তম দাবা গ্র্যান্ডমাস্টার হলেন 'স্কটিশচার্চ স্কুল' ও কলেজের প্রাক্তন ছাত্র সায়ন্তন দাস। ফ্রান্সের কানে 'আন্তর্জাতিক দাবা প্রতিযোগিতা'য় ৯ রাউন্ডে ৭.৫ পয়েন্ট সংগ্রহ করে এই গ্র্যান্ডমাস্টার নর্ম অর্জন করলেন তিনি।

**২৮ ফেব্রুয়ারি :** পানীয় প্রস্তুতকারক সংস্থা 'পেপসিকো'র প্রচারদূত হলেন বলিউড অভিনেতা রণবীর সিং।

❑ 'সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি রেগুলেটরি কমিশন'এর চেয়ারপার্সন হলেন জিষ্ণু বড়ুয়া।

❑ 'ব্লুমবার্গ বিলিওনেয়ার্স ইনডেক্স রিপোর্ট' অনুযায়ী, বিশ্বের সবথেকে ধনী ব্যক্তির শিরোপা পেলেন 'টেসলা'র চিফ এক্সিকিউটিভ অফিসার এলন মাস্ক। তাঁর মোট সম্পদের মূল্য ১৮৭ বিলিয়ন ডলার। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন ফরাসি ব্যবসায়ী বার্নার্ড আরনল্ট, যার মোট সম্পদের মূল্য ১৮৫ বিলিয়ন ডলার। অন্যদিকে, ১৭৭ বিলিয়ন ডলার সম্পদ মূল্য নিয়ে তৃতীয় স্থানে রয়েছেন 'আমাজন'এর এক্সিকিউটিভ চেয়ারম্যান জেফ বেজোস।

❑ প্রথাগত নিয়ম পালনের জন্য, এই প্রথম কেরালার ত্রিশূরের 'ইরিঞ্জাদাপাল্লী শ্রী কৃষ্ণ মন্দির'এ জীবন্ত হাতির বদলে আনা হল রোবট হাতি 'ইরিঞ্জাদাপাল্লী রামন'। হাতিটির উচ্চতা সাড়ে ১০ ফুট আর ওজন ৮০০ কেজি। জীবন্ত হাতির মতোই মাথা, চোখ ও কান রয়েছে আর তা নাড়াতেও পারে এই রোবট হাতি। তবে সেজন্য বিদ্যুৎ সংযোগ দরকার হবে। 'পিপল ফর এথিক্যাল ট্রিটমেন্ট অফ অ্যানিম্যালস' ইন্ডিয়া ও অভিনেত্রী পার্বতী থিরুভোথু মন্দির কর্তৃপক্ষকে এই রোবট হাতিটি উপহার হিসাবে দিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, প্রাচীনকাল থেকে দক্ষিণ ভারতের মন্দিরগুলিতে ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনে সাধারণত জীবন্ত হাতি ব্যবহার হয়ে আসছে। নিরাপত্তার স্বার্থে সুসজ্জিত এসব হাতিকে শেকল দিয়ে বেঁধে রাখা হয়। বন্যপ্রাণীর প্রতি এমন নিষ্ঠুর আচরণের জন্য তীব্র ক্ষোভ জানিয়ে আসছিলেন প্রাণী অধিকারকর্মীরা। এখন দেশে প্রায় ২,৫০০ বুনো হাতি বন্দি অবস্থায় রয়েছে, যার প্রায় ৫ ভাগের ১ ভাগই রয়েছে কেরালায়।


❑ ওড়িশার ৩টি জেলা দেওগড়, কেওনঝাড় ও ময়ূরভঞ্জ জেলা থেকে খুঁজে পাওয়া গেল সোনার খনি। সরকারিভাবে এই কথা ঘোষণা করেছেন ওড়িশার ইস্পাত ও খনি মন্ত্রী প্রফুল্ল মালিক। এর মধ্যে ময়ূরভঞ্জের ৪টি জায়গায়, দেওগড়ের ১টি জায়গায় ও কেওনঝাড়ের ৪টি জায়গায় এই সোনার খনি পাওয়া গেছে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে 'জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া' কর্তৃপক্ষের সমীক্ষায় জম্মু ও কাশ্মীরের রিয়াসি জেলায় ৫৯ লাখ টন লিথিয়ামের খোঁজ পাওয়া গিয়েছিল। পাশাপাশি ৫টি সোনার খনিরও খোঁজ পাওয়া গিয়েছিল।

❑ ৮৪ তম 'সিনিয়র জাতীয় ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষ ও মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন যথাক্রমে মিঠুন মঞ্জুনাথ ও অনুপমা উপাধ্যায়।

**১ মার্চ :** নাইজেরিয়ার প্রেসিডেন্ট হলেন বোলা টিনুবু।

❑ গোদরেজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড-কেমিক্যালস বিজনেসের চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন বিশাল শর্মা।

❑ এবছর মর্যাদাপূর্ণ 'পেন/নবোকভ পুরস্কার' পেলেন ছত্তিশগড়ের প্রবীণ লেখক তথা বিশিষ্ট হিন্দি সাহিত্যিক বিনোদ কুমার শুক্লা। আন্তর্জাতিক সাহিত্যে অসামান্য কৃতিত্বের জন্য, 'পেন আমেরিকা'র তরফ থেকে এই পুরস্কার পেলেন তিনি।



'প্রেস ইনফর্মেশন ব্যুরো'র প্রিন্সিপাল ডিরেক্টর জেনারেল হলেন রাজেশ মলহোত্রা।

❑ জম্মু ও কাশ্মীরের রাজধানী শ্রীনগর থেকে শুরু হল কাশ্মীর থেকে কন্যাকুমারী পর্যন্ত এশিয়ার দীর্ঘতম সাইকেল প্রতিযোগিতা। যাত্রাপথের মোট দৈর্ঘ্য ৩,৬৫৫ কিলোমিটার। 'জম্মু ও কাশ্মীর স্পোর্টস কাউন্সিল' এই প্রতিযোগিতার আয়োজন করেছে। এই সাইকেল প্রতিযোগিতা মার্কিন যুক্তরাষ্ট্রের 'ওয়ার্ল্ড আল্ট্রা সাইক্লিং অ্যাসোসিয়েশন'এর মাধ্যমে স্বীকৃত। এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা কেউ একা যাচ্ছেন, কেউ দু'জনের দলে আবার কেউ বা চার জনের দলে যাচ্ছেন। তাঁদের প্রতিযোগিতা শেষ করার সময় যথাক্রমে ১২ দিন, ১০ দিন ও ৮ দিন।

❑ রেকর্ড গড়ল নাগাল্যান্ড বিধানসভা। ১৯৬৩ সালে স্বতন্ত্র রাজ্যের মর্যাদা পাওয়ার পর, এই প্রথমবারের জন্য ২ মহিলা বিধায়ক পেল নাগাল্যান্ড বিধানসভা। এঁরা হলেন হেকানি জাখালু, যিনি ডিমাপুর-৩ কেন্দ্র থেকে জয়ী হয়েছেন ও অন্যজন হলেন সালহাউতুওনুও ক্রুসে, যিনি পশ্চিম আঙ্গামি কেন্দ্র থেকে জয়ী হয়েছেন।

❑ প্রথম বিদেশি বিশ্ববিদ্যালয় হিসাবে, ভারতে একটি স্বাধীন ক্যাম্পাস তৈরি করার সিদ্ধান্ত নিল অস্ট্রেলিয়ার 'ডেকিন বিশ্ববিদ্যালয়'। গান্ধীনগরে গুজরাত ইন্টারন্যাশনাল ফিনান্স টেক-সিটিতে এই ক্যাম্পাস গড়বে তারা। ৮ মার্চ, আহমেদাবাদ সফরের সময়, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি নরম্যান আলবেনিজ এই সংক্রান্ত আনুষ্ঠানিক ঘোষণা করবেন বলে মনে করা হচ্ছে।

❑ ইতিহাসের পাতায় নাম লেখালো 'ভারতীয় ফুটবল ফেডারেশন'। কারণ, এই প্রথমবার বিশ্ব ফুটবলের মতো ভারতীয় ফুটবলেও ব্যবহৃত হল 'ভিডিও অ্যাসিস্ট্যান্ট রেফারি' বা সংক্ষেপে 'ভার' প্রযুক্তি। ৭৬ তম 'জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ' অর্থাৎ, 'সন্তোষ ট্রফি'র সেমিফাইনালে মুখোমুখি হয় পঞ্জাব ও মেঘালয় আর এদিন পঞ্জাবকে ২-১ গোলে হারিয়ে, প্রথমবারের জন্য 'সন্তোষ ট্রফি'র ফাইনালে জায়গা করে নেয় মেঘালয়। এই ম্যাচেই ব্যবহার করা হয়েছে 'ভার' প্রযুক্তি। ফাইনাল ম্যাচেও এই প্রযুক্তি ব্যবহৃত হয়েছে। আগামী দিনে আরও বেশি ঘরোয়া ফুটবলের ম্যাচে এই প্রযুক্তি ব্যবহার করা হতে চলেছে। প্রসঙ্গত উল্লেখ্য, 'ভিডিও অ্যাসিস্ট্যান্ট রেফারি' হল একজন ম্যাচ কর্মকর্তা। ফুটবল মাঠে রেফারির কোনো সিদ্ধান্ত নিতে সমস্যা হলে তিনি সাহায্য চান ভারের। কিছুক্ষণের মধ্যেই সঠিক সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হয়। ফলে ম্যাচ পরিচালনায় অনেক সুবিধা হয়।

**২ মার্চ :** 'প্রামেরিকা লাইফ ইন্সিওরেন্স'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন পঙ্কজ গুপ্তা।

❑ ভিয়েতনামের প্রেসিডেন্ট হলেন ভো ভ্যান থুং।

❑ 'সশস্ত্র সীমা বল'এর ডিরেক্টর জেনারেল হলেন রশ্মি শুক্লা।

❑ এবছর 'পোর্টার পুরস্কার' পেল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। কোভিড-১৯ অতিমারি সংকটকে সফলভাবে মোকাবিলা করার জন্য এই পুরস্কার পেল তারা। অতিমারি রুখতে কেন্দ্রীয় সরকারের কৌশল, দৃষ্টিভঙ্গী, পিপিই কিট তৈরি-সহ প্রভৃতি ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হল এই পুরস্কার।

❑ রাজ্যের অনাথ শিশুদের জন্য, ভারতে প্রথম সরকারি 'মাদার মিল্ক ব্যাঙ্ক' স্থাপন করবে উত্তরাখণ্ড সরকার। এই মিল্ক ব্যাঙ্কের মাধ্যমে, প্রসবের সময় যেসব নবজাতক শিশুর মা মারা যায়, তাদের জন্য দুধ সরবরাহ করা হবে। এই প্রকল্পের অধীনে, স্তন্যদানকারী মহিলারা ওই ব্যাঙ্কে দুধ দান করতে সক্ষম হবেন।

❑ 'এশিয়ান চেজ ফেডারেশন'এর তরফ থেকে 'বর্ষসেরা খেলোয়াড়'এর পুরস্কার পেলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার ডি.গুকেশ। ২০২২ সালে মহাবলিপুরমে ৪৪ তম দাবা অলিম্পিয়াডে ৯/১১ স্কোর করে সোনার পদক জয়ের জন্য এই পুরস্কার পেলেন তিনি।

❑ কর্ণাটকের বেঙ্গালুরুতে, 'ইন্ডিয়ান ওপন জাম্প প্রতিযোগিতা'য় পুরুষদের লং জাম্প বিভাগে সোনার পদক জিতে নতুন জাতীয় রেকর্ড গড়লেন ২১ বছর বয়সি জেসভিন অলড্রিন। এদিন, ৮.৪২ মিটার লাফ দিয়ে, ২০২২ সালে 'ফেডারেশন কাপ'এ মুরলী শ্রীশঙ্করের ৮.৩৬ মিটারের জাতীয় রেকর্ড ভাঙলেন তিনি।

❑ 'অ্যানাবলিক স্টেরয়েড' ব্যবহারের জন্য, ভারতের শীর্ষ ট্রিপল জাম্পার ঐশ্বর্য বাবুকে ৪ বছরের জন্য নিষিদ্ধ ঘোষণা করল 'ন্যাশনাল অ্যান্টি-ডোপিং এজেন্সি'।

**৩ মার্চ :** ২০২২ সালে 'সেন্ট্রাল বোর্ড অফ ইরিগেশন অ্যান্ড পাওয়ার' পুরস্কার পেল 'ভারত হেভি ইলেক্ট্রিক্যালস লিমিটেড'। সৌর শক্তি ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেল এই সংস্থা। প্রসঙ্গত উল্লেখ্য, জল, বিদ্যুৎ ও পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রের উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার দেওয়া হয়।

❑ কর্ণাটকের বেঙ্গালুরুতে, 'বেঙ্গালুরু নিরাপদ শহর' প্রকল্পের প্রথম ধাপের উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বেঙ্গালুরু শহরে মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করতে, 'নির্ভয়া' প্রকল্পের অধীনে এই প্রকল্পটি পরিকল্পিত হয়েছে, যা তৈরি করতে খরচ হয়েছে ৪৯৬ কোটি টাকারও বেশি। এই প্রকল্পের অংশ হিসাবে, মহিলাদের নিরাপত্তার জন্য শহরের বিভিন্ন স্থানে অডিও-ভিস্যুয়াল সিস্টেম, ড্রোন, সিসিটিভি, জরুরি কল বক্স বা জরুরি প্যানিক বোতাম বসানো হয়েছে।



প্রখ্যাত বাঙালি সাহিত্যিক তথা গোয়েন্দা চরিত্র 'পাণ্ডব গোয়েন্দা'র স্রষ্টা ষষ্ঠীপদ চট্টোপাধ্যায় (৮২ বছর) মারা গেলেন।

'পাণ্ডব গোয়েন্দা' ছাড়াও, প্রাইভেট ডিটেকটিভ অম্বর চ্যাটার্জি, কিশোর গোয়েন্দা তাতারের অভিযানের মতো শিশুদের উপযোগী একাধিক গোয়েন্দা কাহিনির স্রষ্টা ছিলেন তিনি। শিশুসাহিত্যে অসামান্য অবদানের জন্য ২০১৭ সালে 'পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি' পুরস্কার পান এই সাহিত্যিক।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

❑ ভারতীয় পুরুষ হকি দলের নতুন প্রধান কোচ হলেন দক্ষিণ আফ্রিকার ক্রেগ ফুলটন।

**৪ মার্চ :** মধ্য প্রদেশের রেওয়া জেলার মৌগঞ্জ তহশিলকে রাজ্যের ৫৩ তম জেলা হিসাবে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান।



'নোবেল শান্তি পুরস্কার'জয়ী মানবাধিকার আন্দোলনকর্মী অ্যালেস বিয়ালিয়াৎস্কি'কে ১০ বছরের কারাদণ্ড দিল বেলারুশ। ২০২০ সালে সরকার বিরোধী আন্দোলনে যুক্ত ছিলেন তিনি। বেলারুশের প্রেসিডেন্ট আলেকজান্ডার লুকাশেঙ্কোর বিতর্কিত পুনর্নির্বাচনের বিরুদ্ধে ঐতিহাসিক বিক্ষোভ কর্মসূচিতে সামিল হয়েছিলেন তিনি। সেজন্য তাঁকে গ্রেফতার করা হয়েছিল। বিচার প্রক্রিয়ার পর, চূড়ান্তভাবে আইন-শৃঙ্খলা লঙ্ঘনের জন্য আর্থিক মদত জোগানোর দায়ে কারাদণ্ডে দণ্ডিত করা হয় তাঁকে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২২ সালে নোবেল শান্তি পুরস্কার পান তিনি।

❑ ইতিহাসে এই প্রথমবার, বিশ্বের সব মহাসাগরকে রক্ষা করার জন্য 'উচ্চ সমুদ্র চুক্তি' স্বাক্ষর করল 'রাষ্ট্রসঙ্ঘ'এর সব সদস্য দেশ। গভীর সমুদ্র ও তার জীববৈচিত্র্য রক্ষায় এমন চুক্তি এই প্রথম। পরিবেশগত উদ্বেগ নিয়ে প্রায় এক দশকের আলোচনার ফলাফল এই চুক্তি। নিউ ইয়র্কে রাষ্ট্রসঙ্ঘের সদরদফতরে ৩৮ ঘণ্টার আলোচনার পর এই চুক্তিটির ব্যাপারে সবার সম্মতি মেলে। এই চুক্তির আওতায় সমুদ্রের পরিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় ২০৩০ সালের মধ্যে সাগর-মহাসাগরের ৩০% এলাকা সংরক্ষিত ঘোষণার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। পাশাপাশি সমুদ্রে মাছ ধরা, জাহাজ চলাচল ও বিভিন্ন ধরণের অভিযান ও খননও সীমাবদ্ধ করে দেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, সমুদ্র সংরক্ষণের শেষ আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়েছিল ৪০ বছর আগে অর্থাৎ, ১৯৮২ সালে।

**৫ মার্চ :** বিশ্বে এই প্রথম, মহারাষ্ট্রের একটি হাইওয়েতে লাগানো হল বাঁশের তৈরি ক্র্যাশ ব্যারিয়ার। ২০০ মিটার দৈর্ঘ্যবিশিষ্ট এই ক্র্যাশ ব্যারিয়ারের নাম দেওয়া হয়েছে 'বাহু বল্লী'। বিদর্ভের বাণী-ওয়ারোরা হাইওয়েতে এটি স্থাপন করা হয়েছে। মহারাষ্ট্রের চন্দ্রপুর থেকে যাবাতমল পর্যন্ত এই বাঁশের তৈরি ক্র্যাশ ব্যারিয়ার দেখা যাবে। 'বাম্বুসা বালকোয়া' নামে এক বিশেষ ধরনের বাঁশ ব্যবহার করা হয়েছে এই বেড়া তৈরিতে। সেই বাঁশের ওপর ক্রিয়োসোট তেল ও উচ্চ ঘনত্বের পলি ইথিলিনের প্রলেপ দেওয়া হয়েছে। এই বেড়ার পুনর্ব্যবহারযোগ্য মূল্য ৫০%-৭০% বলে জানানো হয়েছে। যেখানে ইস্পাতের বেড়ার পুনর্ব্যবহারযোগ্য মূল্য ৩০%-৫০%। লোহা বা ইস্পাতের বদলে বাঁশের তৈরি এই বেড়া যেমন পরিবেশবান্ধব একটি প্রকল্প, তেমনই এই প্রকল্প দেশের বাঁশশিল্পকে আরও চাঙ্গা করতে সাহায্য করবে। প্রসঙ্গত উল্লেখ্য, ক্র্যাশ ব্যারিয়ার হল হাইওয়ে বা জাতীয় সড়কের ধারে ইস্পাত ও লোহার তৈরি বেড়া। দুর্ঘটনা আটকাতে এই ধরনের বেড়া দেওয়া হয়ে থাকে।

❑ ২০২২ সালে বিবিসি 'বর্ষসেরা ভারতীয় মহিলা ক্রীড়াবিদ'এর পুরস্কার পেলেন ভারোত্তোলক মীরাবাই চানু। জনসাধারণের ভোটের বিচারে এই পুরস্কার পেলেন তিনি। চানুই হলেন প্রথম ক্রীড়াবিদ, যিনি পরপর ২ বার (২০২১ সালেও এই পুরস্কার পান তিনি) এই পুরস্কার জিতলেন।

❑ মেঘালয়কে ৩-২ ব্যবধানে হারিয়ে, ৫৪ বছরে এই প্রথমবার 'সন্তোষ ট্রফি' জিতল কর্ণাটক।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Chakri খবর

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।**

**এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।**

## পি.এস.সি.'র

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি দরকার? — প্রদীপ সরকার, শ্রীকৃষ্ণপুর, ধুবুলিয়া, নদিয়া। পার্থ হাজরা, ডেবরা, মেদিনীপুর।*

■■ হ্যাঁ, এবছর ফুডের সাব-ইন্সপেক্টর পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে। তবে কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মী ও সরকারি কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বাংলা ভাষায় লিখতে, বলতে ও পড়তে জানা দরকার। ভালো স্বাস্থ্য ও গ্রামীণ এলাকায় ঘোরাঘুরির কাজে আগ্রহী থাকতে হবে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের এইসব বিষয়ে : জেনারেল স্টাডিজ ৫০ নম্বরের, অ্যারিথমেটিক ৫০ নম্বরের। সময় থাকবে দেড় ঘন্টা। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা হবে কলকাতা-সহ অন্যান্য জেলায়। এছাড়াও দার্জিলিং সদর, মিরিক, কার্শিয়াংয়েও পরীক্ষা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে।

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের (প্রোমোশনাল ভিত্তিতে) লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে। ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? এই পদে এবছরই কি নিয়োগ হবে? — মনিকা দাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা। পারমিতা দত্ত, কৃষ্ণনগর রামকৃষ্ণপল্লী, নদিয়া।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের মহিলা ও শিশু উন্নয়ন ও সামাজিক উন্নয়ন দফতর (আই.সি.ডি.এস.)-এ কাজের জন্য 'সুপারভাইজর' পদে অঙ্গনওয়াড়ি কর্মীদের যে লিখিত পরীক্ষা হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in সফলদের এরপর ৫০ নম্বরের ইন্টারভিউ হবে ১৭ মার্চ থেকে। কবে, কাদের ইন্টারভিউ হবে তা ওয়েবসাইটে পাবেন।

পশ্চিমবঙ্গ সরকার আই.সি.ডি.এস. প্রকল্পে কাজের জন্য ৩,৩৭৬টি পদের মধ্যে ২,৯৫৪টি শূন্যপদে সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে নিয়োগ করেছে। যার চূড়ান্ত ফল গত মাসে বেরিয়েছে।

বাকি ৪২২টি শূন্যপদে অঙ্গনওয়াড়ি কর্মী ও কেস কর্মীদের থেকে প্রোমোশন ভিত্তিতে দরখাস্ত নেওয়া হয়েছিল। এই ৪২২টি শূন্যপদের জন্য লিখিত পরীক্ষায় পাশ করেছে ১,১৫২ জন প্রার্থী। যার ফল ৩ মার্চ পি.এস.সি. কর্তৃপক্ষ প্রকাশ করেছে। লিখিত পরীক্ষায় কাট অফ নম্বর (৪০০ নম্বরের মধ্যে) হয়েছে জেনারেলদের বেলায় ১৮০.৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৫৬.৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১৮০.৫, তপশিলী জাতি ১৬৪, তপশিলী উপজাতি ১৩২, প্রতিবন্ধী - এল.ডি.সি.পি. ১৪৭, প্রতিবন্ধী - দৃষ্টিহীন ৬৮, প্রতিবন্ধী-বধির ৮৩.৫, মেধাবী খেলোয়াড় ১৪৮.৫ হয়েছে। সফলদের ডকুমেন্টস অনলাইনে ভেরিফিকেশন হবে। এজন্য স্ক্যান করা প্রয়োজনীয় প্রমাণপত্র আপলোড করতে হবে। ইন্টারভিউয়ের ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন ওপরের ওই ওয়েবসাইট থেকে। ইন্টারভিউ শেষ হওয়ার মাস দু'য়েকের মধ্যেই চূড়ান্ত ফল বেরোবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হয়ে নিয়োগ হতে আরো প্রায় ৩ মাস সময় লাগবে। আশা করা যায়, এবছরই নিয়োগ হবে। তবে আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের যে চূড়ান্ত তালিকা বেরিয়েছে, তাতে এখনো নিয়োগপত্র কেউ পাননি।

■ *শোনা যাচ্ছে ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস বদল হচ্ছে। ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস কি বদল হবে? —. তপন বিশ্বাস, হরিদেবপুর, নদিয়া। পিয়ালী ঘোষ, নবপল্লী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস বদল করতে চায় রাজ্য সরকার। ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস পরীক্ষার ধাঁচে ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস তৈরি করতে চায় রাজ্য সরকার। ডব্লু.বি.সি.এস. আমলাদের অভিযোগ বহু প্রার্থী ডব্লু.বি.সি.এস. ও ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস পরীক্ষার প্রস্তুতি একই সঙ্গে নিচে চায়। কিন্তু ইউ.পি.এস.সি. সিলেবাস ও ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাসের মধ্যে বিস্তার ফারাকের জন্য একই প্রার্থী দু'টি পরীক্ষার প্রস্তুতি একই সঙ্গে নিতে পারে না। তাই সরকার চায় ইউ.পি.সি.এস. সিভিল সার্ভিসের আদলে ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস তৈরি হলে একই প্রার্থী দু'টি পরীক্ষার প্রস্তুতি নিতে পারবে। এর ফলে রাজ্য থেকে প্রতি বছর আই.এ.এস. ও আই.পি.এস. প্রার্থীর সংখ্যা বাড়বে বলে ধারনা। তবে ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস বদল হচ্ছে না। ভবিষ্যতে ডব্লু.বি.সি.এস.এর সিলেবাস বদল হতে পারে।

## প্রাইমারি চাকরির

■ *২০১৪ ও ২০১৭ সালের প্রাইমারির ইন্টারভিউ কবে শেষ হবে? জেলাভিত্তিক মেধা তালিকা তৈরি হবে না একইসঙ্গে মেধা তালিকা তৈরি হবে? — পাপিয়া পাল, পাটনা বাজার, পশ্চিম মেদিনীপুর।*

■■ সব জেলার প্রার্থীদের একই সঙ্গে মেধা তালিকা তৈরি হবে। ২০১৪ ও ২০১৭ সালের ইন্টারভিউ শেষ হতে এখনো প্রায় এক মাসের বেশি সময় লাগবে।

## কলেজ সার্ভিসের

■ *কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোয়? এই পরীক্ষার জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স থাকা দরকার? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — প্রিতম মুন্সি, আলিপুরদুয়ার। দীপা নাথ, রানাঘাট, নদিয়া।*

■■ পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলকাতা-সহ অন্যান্য বিশ্ববিদ্যালয় ও ওইসব বিশ্ববিদ্যালয়ের অধীন বেসরকারি কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' ও 'লাইব্রেরিয়ান' পদে চাকরির জন্য (স্টেট লেভেল এলিজিবিলিটি টেস্ট) বা, SET' পরীক্ষার দরখাস্ত নিয়ে থাকে। 'সেট' পরীক্ষা নেওয়া হয় ৩৩টি বিষয়ের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের জন্য।

অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., ট্রান্সজেন্ডার, শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। এবছর যাঁরা ওই সব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন বা, দিয়েছেন, তারাও যোগ্য।

১৯-৯-১৯৯১'র মধ্যে যাঁরা মাস্টার ডিগ্রি করে পিএইচ.ডি. ডিগ্রি করেছেন, তাঁরা এই পরীক্ষা দেওয়ার জন্য শতকরা হারে ৫% নম্বর ছাড় পাবেন।

'লাইফ সায়েন্স' বিষয়ের বেলায় বায়োলজিক্যাল সায়েন্স, বটানি, জুলজি, মাইক্রোবায়োলজি, মলিকিউলার বায়োলজি, অ্যানিম্যাল সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, বায়োকেমিস্ট্রি, বায়োটেকনোলজি বা, ফিজিওলজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য।

'লাইব্রেরি সায়েন্স' বিষয়ের বেলায় এম.লিব. বা, এম.লিস পাশ হলেও যোগ্য। 'ফিজিক্যাল এডুকেশন' বিষয়ের বেলায় ফিজিক্যাল এডুকেশনের মাস্টার ডিগ্রি (এম.পি.এড.) কোর্স পাশ হতে হবে।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। ২০২৪ সালের স্টেট এলিজিবিলিটি টেস্ট বা, 'সেট' পরীক্ষা হবে আগামী বছর জানুয়ারি মাস নাগাদ।

মোট ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ১ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২০০ নম্বর ও সময় ২ ঘন্টা। প্রথম পেপারে ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে টিচিং, রিসার্চ অ্যাপ্টিটিউট, রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। দ্বিতীয় পেপারে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। দুই পেপারের ক্ষেত্রেই উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম ও দ্বিতীয় পেপারে ৪০% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন।

আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে www.wbcsc.ac.in পরীক্ষার অ্যাডমিট কার্ড পরীক্ষা হওয়ার দু' সপ্তাহ আগে ডাউনলোড করতে পারবেন। ২০২৪ সালের পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোবে এবছর আগস্ট-সেপ্টেম্বর মাস নাগাদ।

## অন্যান্য চাকরির

■ *রাজ্যে গ্রামীণ লাইব্রেরিয়ান নেওয়া হবে বলে যে ঘোষণা হয়েছে, তার জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি কেমন থাকা দরকার? কোন জেলায় ক'টি শূন্যপদ আছে? — পরিমল মাঝি, গোপালপুর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গের সব জেলার গ্রামীণ লাইব্রেরিতে লাইব্রেরিয়ান পদে প্রায় ৭৩৮টি শূন্যপদ পূরণের অনুমোদন দিয়েছে রাজ্য সরকার। রাজ্যের প্রতিটি জেলা থেকে এই শূন্যপদ পূরণ করা হবে। নিয়োগ হবে গ্রামীণ লাইব্রেরির অন্তর্গত টাউন ও ব্লক লাইব্রেরিতে স্থায়ী পদে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটারে কাজ করার মতো জ্ঞান থাকতে হবে। এছাড়াও বাংলায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে প্রতিটি জেলার জেলাশাসকের অধীনে সিলেকশন কমিটি। সিলেকশন কমিটি গড়বে লোকাল লাইব্রেরি অথরিটি। এই অথরিটির শীর্ষে থাকবে জেলাশাসক ও মেম্বার সেক্রেটারি হিসাবে থাকবে ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসার।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থীর সংখ্যা বেশি হলে ইন্টারভিউয়ের আগে স্ক্রিনিং টেস্ট হতে পারে। মেধা তালিকা তৈরির সময় ১০% অতিরিক্ত শূন্যপদ ওয়েটিং লিস্টে থাকবে। চূড়ান্ত মেধা তালিকা ১ বছর পর্যন্ত বৈধ থাকবে।

কোন জেলায় ক'টি শূন্যপদ : উত্তর ২৪ পরগনায় ৬০টি, পূর্ব বর্ধমানে ৫৫টি, হুগলি জেলায় ৫২টি, দক্ষিণ ২৪ পরগনায় ৫২টি, কলকাতায় ৪০টি, আলিপুরদুয়ারে ৬টি, বাঁকুড়ায় ৩১টি, বীরভূমে ৩৮টি, পশ্চিম বর্ধমানে ২৩টি, কোচবিহারে ৩৪টি, দক্ষিণ দিনাজপুরে ১৪টি, দার্জিলিঙে (জিটিএ) ২১টি, হাওড়ায় ৩৬টি, জলপাইগুড়িতে ১৮টি, ঝাড়গ্রামে ১৭টি, মালদহে ২৯টি, মুর্শিদাবাদে ৩৬টি, নদিয়ায় ৩৭টি, পশ্চিম মেদিনীপুরে ৪০টি, পূর্ব মেদিনীপুরে ৪৪টি, পুরুলিয়ায় ৩০টি ও উত্তর দিনাজপুরে ১২টি। খুব শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| অসম রাইফেলসে ট্রেডসম্যান | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১২ | ১৯-৩-২৩ | www.assamrifles.gov.in |
| এইমস-ঋষিকেশে মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান | উচ্চমাধ্যমিক পেশাগত | ৩৮ | ২৭-৩-২৩ | https://aiimsr22.online registrationform.org |
| বি.এস.এফ.-এ হেড কনস্টেবল, সাব-ইন্সপেক্টর | মাধ্যমিক, HS ডিপ্লোমা | ১২৭ | ২৪-৩-২৩ | https://rectt.bsf.gov.in |
| ইন্ডিয়ান অয়েলের রিফাইনারি ডিভিশনে জুনিয়র অ্যাসিঃ | ডিগ্রি, ডিপ্লোমা | ৫২০ | ২০-৩-২৩ | www.iocl.com |
| ইউ.পি.এস.সি.'র মাধ্যমে ই.পি.এফ.ও.-তে এনফোর্সমেন্ট অফিসার ও অ্যাসিঃ প্রভিডেন্ট ফান্ড কমিশনার | ডিগ্রি কোর্স পাশ | ৫৭৭ | ১৭-৩-২৩ | www.upsconline.nic.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীর | উচ্চমাধ্যমিক পাশ | - | ৩১-৩-২৩ | https://agnipathvayu.cdac.in |
| ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে রাজ্যের সেরা সেরা অফিসার | গ্র্যাজুয়েট | - | ২১-৩-২৩ | www.pscwbonline.gov.in |
| কেন্দ্রীয় স্টাফ সিলেকশনের মাধ্যমে কেন্দ্রীয় অফিসে ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট (ফেজ-XI) | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট | ৫,৬১৬ | ২৭-৩-২৩ | www.ssconline.nic.in |
| রাজ্যের সরকারি আই.টি.আই. কোর্সে ভরতি | এইট পাশ মাধ্যমিক | - | ৩১-৫-২৩ | www.wbscvt.net |
| এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসে টেকনিশিয়ান | আই.টি.আই. ডিপ্লোমা | ৩৭১ | ২০-৩-২৩ | www.aiesl.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট | ডিগ্রি কোর্স পাশ | ৫৯৮ | ৪-৪-২৩ | www.calicut.nielit.in/nic23 |
| আই.আই.টি.-তে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩২ | ২০-৩-২৩ | https://ecampus.iitd.ac.in/IITDSR-0/login |
| ডিভিশনে জুনিয়র অ্যাসিঃ | ডিপ্লোমা | | | |
| দিল্লি সাব-অর্ডিন্টে সার্ভিসেস সিলেকশনের মাধ্যমে ইলট্রাক্টর | মাধ্যমিক ও আই.টি.আই. | ১৭৬ | ৭-৪-২৩ | http://dsssbonline.nic.in |

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# মাল্টি টাস্কিং স্টাফ পদের সম্ভাব্য প্রশ্নোত্তর



কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবলদার' পদে ১২,৫২৩ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2022' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে এপ্রিল মাস নাগাদ। কম্পিউটার বেসড পরীক্ষায় ২৭০ নম্বরের ৯০টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ৯০ মিনিট। পরীক্ষায় থাকবে দু'টি সেশন। প্রথম সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) নিউমেরিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল এবিলিটি - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) রিজনিং এবিলিটি অ্যান্ড প্রবলেম সলভিং - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। দ্বিতীয় সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (চ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম সেশনে নেগেটিভ মার্কিং নেই। কিন্তু দ্বিতীয় সেশনের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজি-সহ ১৩টি আঞ্চলিক ভাষায়। অবজেক্টিভ পার্টের পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন চাকরি পরীক্ষার বিশেষজ্ঞ অমিয় দে (শংকর দা)।

